অপর স্বর্ণনঙ্গর লুণ্ঠমান এক স্থানে তাঁহারা তাহারদিগকে লইয়া যাইয়া খ্রীষ্টীয়ানীকে তাহা নামাইতে কহিলেন যেহেতুক তাঁহারা কহিলেন যে তাহা তোমার সঙ্গে লইয়া যাইতে হইবে কেমনা পর দামধ্যস্থিতকে আক্রমণ করিয়া ধরিতে পার এনিমিত্তে এবং ঝড় বৃষ্টিসময় উপস্থিত হইলে স্থিররূপে দাঁড়াইতে পার এতদর্থে তুমি যে তাহা সঙ্গে লও ইহা অতিপ্রয়োজনার্হ তাহাতে তাহারা তাহা পাইয়া অত্যাহ্লাদিত হইল। পরে আমারদের পিতা অবরাহাম যে পর্ব্বতোপরি আপনপুত্র য়িস্খাককে বলি দিয়াছিল সেই স্থানে তাঁহারা তাহারদিগকে লইয়া বেদি এবং কাষ্ঠ এবং অগ্নি এবং ছুরিকা দর্শাইলেন যেহেতুক সেগুলিন অদ্যপর্য্যন্ত দেখা যায়। সে সমস্ত দেখিয়া যাত্রিরা ঊর্দ্ধবাহু হইয়া আপনারদিগকে ধন্যবাদ করিয়া কহিল যে হায় আত্মকর্ত্তার প্রতি স্নেহপ্রযুক্ত এবং আপনাকে নিষেধ করাপ্রযুক্ত অবরাহাম কি প্রকার মনুষ্য ছিলেন। পরে তাঁহারা তাহারদিগকে ঐ সমস্ত বিষয় দর্শানানন্তর অনুগতবিধত্রী তাহারদিগকে দুই উত্তম বীণাযুক্ত এক ভোজনশালায় লইয়া যাহাং দর্শাইয়াছিলেন তদ্বিষয়ে শ্লোকদ্বয় রচনা করিয়া ঐ বীণাতে বাদ্য করিলেন।

ভক্ষিত খ্বাবাকর্ত্তৃক হয়েছে যে ফল এক
আমরা দেখায়েছি সে ফলকে তোমাকে॥
তাহাতে হও তোমরা সাবধান দূতদ্বারা
আরূঢ় য়্যাকুবেরো দেখ্যেছ মইকে॥ ১॥

তোমরা স্বর্ণনঙ্গর পাইয়াছ গুরুতর
আর কিন্তু যাবদবরাহামেরো সহিত॥
তোমরা আপনাদের সর্ব্বাপেক্ষা নৈবেদ্যের
উত্তমতা না কর অসন্তুষ্ট তাবৎ॥ ২॥

অপর ঐ সময়ে এক জন আসিয়া দ্বারেতে আঘাত করিল তা হাতে দ্বারপাল দ্বার মুক্ত করিয়া দেখিল যে সেস্থানে বৃহচ্চিত্ত দাঁড়িয়া আছে পরে সে অন্তরে প্রবিষ্ট হইবামাত্রেতে কিবা আহ্লাদ না হইল যেহেতুক কিঞ্চিৎপূর্ব্বে বৃদ্ধবৃহৎকায়রক্তপ্রিয়বীরকে সে কি প্রকার হনন করিয়াছিল এবং সিংহহইতে তাহারদিগকে কি প্রকার মুক্ত করিয়াছিল ইহা তাহারদের অন্তঃকরণে ঝটিতি উপস্থিত হইল।

পরে বৃহচ্চিত্ত খ্রীষ্টীয়ানীকে এবং অনুগ্রহশীলাকে কহিল আমার প্রভু তোমারদের দুই জনকে এক২ বোতল মদিরা এবং কিঞ্চিৎ ভর্জিত শস্য এবং দুইটি দাড়িম্ব এবং বালকেরদের নিমিত্তে পথে পরিতোষার্থে কিঞ্চিৎ উডুম্বর এবং দ্রাক্ষাফল পাঠাইয়া দিয়াছেন।

অপর তাহারা যাত্রায় অগ্রসর হওনার্থে উদ্যোগ করিল এবং অনুগতবিধাত্রী এবং ধর্ম্মিষ্ঠা তাহারদের সহিত গেলেন। পরে দ্বারে উপস্থিত হইলে খ্রীষ্টীয়ানী দ্বারপালকে জিজ্ঞাসিল যে ইহার পূর্ব্বে কোনো কেহ এস্থান হইয়া গিয়াছে কি না। তাহাতে দ্বারপাল কহিল না যায় নাই মাত্র কিঞ্চিৎপূর্ব্বে একজন আমাকে কহিল যে কিঞ্চিৎকাল গত হইয়াছে তোমারদের গন্তব্য রাজপথমধ্যে এক মহাডাকাইতি হইয়াছিল কিন্তু সে কহিল যে সেই ডাকাইত ধরা পড়িয়াছে এবং কিঞ্চিৎপরে স্বস্বদণ্ড প্রাপণার্থে তাহারদের বিচার হইবে। তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানী এবং অনুগ্রহশীলা ভীতা হইল কিন্তু মাতিউ কহিল হে মাতঃ যাবৎ বৃহচ্চিত্ত আমারদের সহিত যান এবং আমারদের পথপ্রদর্শক হন তাবৎ কিঞ্চিৎ ভয় করিও না।

পরে খ্রীষ্টীয়ানী দ্বারপালকে কহিল হে মহাশয় এই স্থানে পঁহুছন পরে আপনি আমারদের প্রতি যে২ সমস্ত হিত দর্শাইয়া

ছেন এবং আপনি আমার সন্ততির প্রতিও যে এমত স্নেহকারী হইয়াছেন তন্নিমিত্তে আমি আপনাকে বহুস্তুতি করি। আপনকার হিতের প্রতিফল কি প্রকারে দিতে পারি ইহা আমি জানি না অতএব আপনকার প্রতি আমার মর্য্যাদা দর্শানার্থে আপনি এই ক্ষুদ্র মুদ্রা গ্রহণ করুন ইহা কহিয়া খ্রীষ্টীয়ানী এক স্বর্ণমুদ্রা তাহার হস্তে দিল তাহাতে দ্বারপাল খ্রীষ্টীয়ানীকে প্রণাম করিয়া কহিল তোমার বস্ত্র সর্ব্বদা শুক্ল হউক এবং তোমার মস্তকে তৈলের অভাব না হউক। অনুগ্রহশীলা চিরজীবিনী হউক এবং তাহার সুকর্ম্ম অল্প না হউক পরে বালকেরদিগকে কহিল তোমরা যৌবনাবস্থার কামইত্যাদি রিপুহইতে পলাইয়া গম্ভীর এবং জ্ঞানবান লোকেরদের সহিত ধর্ম্মের অনুগামী হও তাহা করিলে তোমরা আপনার মাতার আহ্লাদজনক হইবা এবং জ্ঞানবানেরদিগ হইতে প্রশংসা প্রাপ্ত হইবা। পরে তাহারা দ্বারপালকে স্তুতি করিয়া বিদায় হইল।

সপ্তমাধ্যায়।

যাত্রিরদের পথে অগ্রসর হওন এবং নম্রতানামক এবং মৃত্যুচ্ছায়ানামক তলী পার হওন বিবরণ।

অপর আমি স্বপ্নেতে দেখিলাম যে টিকরের চূড়া প্রাপণপর্য্যন্ত যাত্রিরা অগ্রসর হইল। সেইস্থানে উপস্থিত হইয়া অনুগতবিধাত্রীর স্মরণ হওয়াতে তিনি চেঁচিয়া কহিলেন যে হায় খ্রীষ্টীয়ানীকে এবং তাহার সহায়েরদিগকে দেওন আমি যাহা বাঞ্ছা করিয়াছিলাম তাহা বিস্মৃতা হইয়াছি আমি ফিরিয়া যাইয়া তাহা আনিব ইহা কহিয়া সে দৌড়িয়া যাইয়া তাহা আনিল। অনুগতবিধাত্রীর গমনসময়ে খ্রীষ্টীয়ানী মনেতে অনুমান করিল

যে পথদক্ষিণপার্শ্বে কিঞ্চিদ্দূরে এক উপবনেতে বক্ষ্যমাণ শ্লোকের বাক্যানুসারে এক অত্যদ্ভুত এবং অতিসুশ্রাব্য শব্দ শুনিল।

তাবৎ আয়ু আমার　অনুগ্রহ আপনার।
আমাপ্রতি এইমত　অযাচিতভাবে॥
প্রদর্শিততাপ্রযুক্ত আপনকার বসত।
সর্ব্বদা আমার নিবাসস্থান হইবে॥১॥

ঐ শ্লোক শুনিতেছিল ইতোমধ্যে বক্ষ্যমাণ শ্লোকের ন্যায় তৎপ্রত্যুত্তররূপ অন্য এক শ্লোক শুনিল এমত বোধ হইল।

কারণ এ যে আমাদের ঈশ্বর যিহহ।
মঙ্গল নিশ্চয় প্রাপ্য সর্ব্ব অনুগ্রহ॥
তাঁহার সত্যতা সদা আছে দৃঢ়ভাবে।
অনন্তকালপর্য্যন্ত দৃঢ়স্থায়ী হবে॥১॥

তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানী অনুগতবিধাত্রীকে জিজ্ঞাসিল যে ঐ মত সুশ্রাব্যস্বর কিসেতে করে তাহাতে অনুগতবিধাত্রী কহিলেন যে আমারদের দেশীয় পক্ষিরা তদ্রূপ স্বরবান। পুষ্পইত্যাদি নির্গত হওন এবং রৌদ্র প্রখর হওন বসন্তকালব্যতিরেকে তাহারদের প্রায় কদাচ তদ্রূপ স্বর ভাঙ্গে কিন্তু বসন্তকাল উপস্থিত হইলে তুমি তাহারদের ধ্বনি সমুদায় দিবস শুনিতে পার। আমি বার২ তাহারদের রব শুনিতে যাই এবং আমরা বারম্বার সে পক্ষি সকল ঘরেতে প্রতিপালন করি। আমারদের মন বিকারপ্রাপ্ত হইলে তাহারদের সহায়তা অত্যুত্তম এবং তৎপক্ষিপ্রযুক্ত উপবন ও বন ও নিভৃত স্থানপ্রভৃতি অভিরমণীয় হয়।

এমত সময়ে অনুগতবিধাত্রী পুনর্ব্বার আসিয়া উপস্থিতা হইয়া খ্রীষ্টীয়ানীকে কহিলেন যে দেখ২ আমারদের গৃহে তুমি যাহা২ দেখিয়াছ সে সকল বিষয়ের এক নির্ণয়পত্র আমি আনিয়াছি যখন তুমি বিস্মৃতা হও তখন তুমি তাহা দেখিয়া আত্ম

হিতার্থে এবং আত্মসন্তোষার্থে সে সকল পুনঃস্মরণ করিতে পার।

অপর নম্রনামক তলীতে তাহারা টিকরাধোগমন করিতে লাগিল। ঐ টিকর অতিচড়াউ এবং পথ অতিপিচ্ছল ছিল কিন্তু তাহারা অতিসাবধানপ্রযুক্ত স্বচ্ছন্দপূর্ব্বক তদধঃস্থান প্রাপ্ত হইল। পরে তলীতে উপস্থিত হইয়া অনুগতবিধাত্রী খ্রীষ্টীয়ানীকে কহিলেন অতিভয়ঙ্কর অপাল্যন নামে বীরের সহিত যে স্থানে তোমার স্বামির সাক্ষাৎ হইয়াছিল এবং যে স্থানে অতিঘোরতর যুদ্ধ হইয়াছিল সেস্থান এই অবশ্য তাহার সম্বাদ শুনিয়া থাকিবা। কিন্তু সে যাহা হউক অতিসাহসিকা হও যাবৎ বৃহচ্চিত্ত মহাশয় তোমার পথপ্রদর্শক এবং উপকারক হন তাবৎ আমারদের ভরসা আছে যে খ্রীষ্টীয়ানের পথাপেক্ষা তোমারদের পথ অধিক সুগম হইবে। পরে অনুগতবিধাত্রী এবং ধর্ম্মিষ্ঠা যাত্রিঃদিগকে পথপ্রদর্শকের হস্তে সমর্পণানন্তর সে অগ্রসর হইল এবং যাত্রিরা পশ্চাদ্গামী হইল।

অপর বৃহচ্চিত্ত কহিল এই তলীবিষয়ে ভীত হওনে আমারদিগের কোনো প্রয়োজন নাই যেহেতুক আমরা যদি আপনহইতে উপস্থিত না করি তবে এইস্থানে হিংসাকারি কিছুই নাই। ইহা সত্য যে খ্রীষ্টীয়ানের এই স্থানে অপাল্যন নামে বীরের সহিত দেখা হইয়াছিল এবং তাহার সহিত সে ঘোরতর যুদ্ধ করিয়াছিল কিন্তু ঐ যুদ্ধ তাহার অধোগমনসময়ে পিচ্ছলিয়া পড়নদোষের প্রতিফল ছিল যেহেতুক যাহারা সেস্থানে পিচ্ছলিয়া পড়ে তাহারদের এই স্থানে যুদ্ধকরণাবশ্যকতা আছে। প্রথম ভাগের ৭৪ পৃষ্ঠ পাঠ করুন। এবং এতৎপ্রযুক্ত এই তলীর এমত কঠিন নাম হইয়াছে যেহেতুক সাধারণ লোকেরা যখন শুনে যে এমত স্থানে অমুকের কোনো বৃহদ্বিপদ্ ঘটিয়াছে তখন তাহারা অনুমান করে যে সেই স্থান কোনো পিশাচ বা ভূতকর্ত্তৃক গ্রস্ত আছে কিন্তু হায় তাহারদের স্বকর্ম্মফলজন্যে সেই স্থানে তদ্রূপ ঘটনা ঘটে।

যদ্যন্তভূম্যুপরি কাক উড্ডীয়মান হয় তত্তভূম্যপেক্ষা নম্রনামক তলী স্বয়ংই অত্যুর্ব্বরা স্থান এবং আমি নিশ্চয় জানি যে যদি উদ্দেশ পাইতে পারি তবে খ্রীষ্টীয়ান কিজন্যে শত্রুকর্ত্তৃক তদ্রূপ দুরাক্রান্ত হইয়াছিল তাহার নিশ্চয়কারি কোনো কিছু এই প্রদেশের কোনো এক স্থানে পাওয়া যাইতে পারে।

তাহাতে য়ুআকুব নামে বালক আপনার মাতাকে কহিল যে দেখং ঐ স্থানে এক স্তম্ভ দণ্ডায়মান আছে এবং তদুপরি যৎকিঞ্চিৎ লিখিত আছে এমত বোধ হয় তাহা কি এতদ্দর্শনার্থে আমরা যাই চল। তাহাতে তাহারা যাইয়া বক্ষ্যমাণ লিখন দেখিল এই স্থানে পহুঁছনপূর্ব্বে খ্রীষ্টীয়ানের পিচ্ছলিয়া পড়ন এবং এই স্থানে তাহার প্রতি ঘটিতক্লেশ পশ্চাদাগন্তারদের প্রতি সাবধান হওয়ার কারণ হউক। অপরপথপ্রদর্শক কহিলেন যে দেখ আমি কি কহি নাই যে এই স্থানে খ্রীষ্টীয়ান কি নিমিত্তে শত্রুকর্ত্তৃক কথিতরূপে দুরাক্রান্ত হইযাছিল তৎকারণজ্ঞাপক কোনো এক চিহ্ন এই স্থানের কোনোখানে আছে। পরে ঐ পথপ্রদর্শক খ্রীষ্টীয়ানীর প্রতি ফিরিয়া কহিলনে যে এই স্থানে অনেকের যাহাং ঘটিয়াছিল তদপেক্ষা খ্রীষ্টীয়ানের অধিক মন্দ ঘটে নাই যেহেতুক এই টিকরা খোগমনাপেক্ষা তদূর্দ্ধগমন অধিক সহজ কিন্তু এই স্থানস্থ অত্যল্প টিকরবিষয়ে একথা কহিতে পারা যায়। কিন্তু ঐ ভদ্রলোকের বিবরণ আমারা ত্যাগ করি সে বিগতশ্রম হইয়াছে সেও শত্রূপরি অতিশয় সাহসপূর্ব্বক জয়ী হইয়াছে আমরা যখন তাহার মত পরীক্ষাগ্রস্ত হই তখন আমারদের দশা তাহার দশাপেক্ষা অধিক মন্দ না হয় ঊর্দ্ধবাসীশ্বর এমত অনুগ্রহ করুন।

কিন্তু সে যাহা হউক আমরা নম্রনামক তলীর বিবরণ পুনরারম্ভ করি। ঐ তলী এতাবদ্দেশমধ্যে সর্ব্বাপেক্ষা উত্তম এবং লাভজনক ভূমি তাহা অতিশয় ফলোৎপাদক এবং তোমরা যেমন দেখি

তেছ তেমন তাহা প্রায় সকলই ক্ষেত্র। এবং গ্রীষ্মসময়ে আ মারদের মত যদি কোনো কেহ এস্থানে আইসে এবং তদ্ভূমিবিষ য়ে পূর্ব্বে অনবগত থাকে এবং স্বচক্ষুর্দর্শনবিষয়ে সে যদি আহ্লা দিত হয় তবে সে আত্মদৃষ্টিতে আহ্লাদজনক অনেক বিষয় দেখি তে পাইবে। দৃষ্টি করিয়া দেখ এই তলী শ্যামবর্ণেতে কি প্রকার আবৃতা এবং কস্তুরি পুষ্পেতে কেমন সুন্দররূপে বিভূষিতা আছে। আরো আমি জানি যে পূর্ব্বে নম্র নামে এই তলীতে অনেক বার সায়িলোকেরদের অধিকার ছিল কেননা ঈশ্বর অহঙ্কারিরদিগকে হেলন করেন কিন্তু নম্রান্তঃকরণেরদিগকে অধিকানুগ্রহ প্রদান করেন যেহেতুক এই তলীর ভূমি অতিশয় ফলাঢ্যা এবং অগ্র লিং উৎপন্ন করে। কেহ২ বাঞ্ছা করিয়াছে যে এতত্তলীস্থ গিরি পর্ব্বত টীলাইত্যাদি পার হওনে আর ব্যস্ত না হয় এজন্যে তাহার দের পিতার বাটীর পথ এই স্থান হইয়া হয় কিন্তু সে পথই পথ অতএব অধিক কথনে কি কার্য্য।

অপর তাহারা গমন করত কথোপকথন করিতে ছিল ইতো মধ্যে স্বপিতৃমেষচারক এক বালককে দেখিল। ঐ বালক অতি কদর্য্যবস্ত্রান্বিত কিন্তু তাহার বদন দর্শনে অতিসুন্দর ছিল এবং সে একাকী বসিয়া গান করিতে ছিল। তাহাতে বৃহচ্চিত্ত মহা শয় কহিলেন যে ঐ মেষচারক কি কহে তাহা শ্রবণ কর তাহাতে তাহারা অবধান করিতে লাগিল। ঐ মেষচারক বক্ষ্যমাণ শ্লোক ত্রয় গান করিতে ছিল।

পতিত যে লোক তার পাতে নাহি ভয়।
নম্রলোক যে তাহার গর্ব্বে নাহি ভয়॥
স্বপথ প্রদর্শনার্থে নম্র যেই হয়।
এবং সদা সেই ব্যক্তি ঈশ্বরকে পায়॥ ১॥

অল্প বা অধিক মোর যাহা আছে তাতে।
সম্মত আমি হে প্রভু বহুপ্রকারেতে॥
আপনি উদ্ধার কর সদা এজন্যেতে।
সম্মতি প্রার্থনা করি সেই বিষয়েতে॥ ২॥

যাত্রাতে অগ্রগ হয় যে লোক হটাৎ।
তাহার প্রতি বোধ হয় তৃপ্তি ভারবৎ॥
এই স্থানে কিছু পরে বহুসুখ জন্মে।
সর্ব্বাপেক্ষাতে উত্তম পুরুষানুক্রমে॥ ৩॥

পরে পথপ্রদর্শক জিজ্ঞাসিলেন তোমরা কি ঐ বালকের রব শুনিতে পাও আমি প্রমাণপূর্ব্বক কহি যে রেশম এবং মখমল বস্ত্রেতে পরিহিত লোকাপেক্ষা ঐ বালক অধিক আহ্লাদপূর্ব্বক কাল যাপন করে এবং অন্তঃকরণশান্তিনামক বৃক্ষের পত্র স্বহৃদয়ে অধিক পরিধান করে কিন্তু আমরা স্বকথোপকথন পুনরারম্ভ করি।

এই তলীতে আমারদের প্রভুর বৃক্ষবাটিকা পূর্ব্বে ছিল তিনি এই স্থানে বাস করণে এবং এই ক্ষেত্রেতে গতায়াত করণে বড় ভাল বাসিতেন এবং এই স্থানের বায়ু যে অতিভদ্র ইহা জ্ঞান করিতেন। তদ্ভিন্ন এই স্থানে থাকিলে মনুষ্য এই সংসারের সোর্ সার্ এবং গণ্ডগোল্ হইতে নিষ্কণ্টকে থাকে। তাবদ্রাজ্য কোলাহলেতে এবং উদ্বেগেতে পরিপূর্ণ নম্রনামক এই তলীমাত্র তদ্বিষয়ে শূন্য এবং তাহা নিরালয় স্থান। অন্য স্থানে যেমন তেমন এই স্থানে মনুষ্য ধ্যানাভ্যাসাদিবিষয়ে নিবারিত নয়। যাত্রিবেশপ্রিয় ব্যতিরেকে অন্য কেহ এই তলীতে গতায়াত করে না এবং খ্রীষ্টীয়ানের অভাগ্যে এই স্থানে অপাল্যন নামে বীরের সহিত তাহার সাক্ষাৎ হইয়া বহুকষ্ট এবং কঠিনযুদ্ধ হইলেও আমার কথিতব্য যে পূর্ব্বকালে এই স্থানে মনুষ্য দূতেরদের সহিত সম্ভাষ করি

য়াছে এবং মুক্তিও প্রাপ্ত হইয়াছে এবং জীবনবাণীও শুবণ করিয়াছে।

অপর আমি কি কহিয়াছিলাম যে আমারদের প্রভুর বৃক্ষবাটিকা পূর্ব্বকালে এস্থানে ছিল এবং তিনি এই স্থানে গতায়াত করণে বড়ভাল বাসিতেন এখন আমি আরো কহি যে এই স্থানবাসি এবং এই ভূমিগতায়াতকারি লোকেরদের নিমিত্তে তাহারদের ভরণপোষণার্থে এবং যাত্রায় অগ্রসরণবিষয়ে সাহস জন্মানার্থে তিনি তাহারদের প্রতি বৎসরং বিশ্বস্তরূপে দানীয় এক বার্ষিক কর নিরূপণ করিয়া গিয়াছিলেন।

অপর তাহারদের অগ্রসর হওনকালে শামুএল বৃহচ্চিত্ত মহাশয়কে কহিল হে মহাশয় আমি দেখিতেছি যে এই তলীতে আমার পিতার এবং অপাল্যান্‌নামক বীরের যুদ্ধ হইয়াছিল কিন্তু সে যুদ্ধ কোন স্থানে হইয়াছিল কেননা আমি দেখি যে এই তলী অতিবৃহৎ।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন আমারদের অগ্রে অমুক আঁটোস্থানেতে বিস্মৃতিনামক শ্যামবর্ণ মাঠেতে তোমার পিতা অপাল্যানের সহিত সংগ্রাম করিয়াছিল এবং আরো কহি ঐ স্থান এতাবদ্দেশস্থ অন্য স্থানাপেক্ষা অত্যাপদ্যুক্ত যেহেতুক কোনো সময়ে যদি কোনো যাত্রির কোনো বিপত্তি ঘটে তবে তাহা প্রাপ্তোপকারবিস্মৃতি সময়ে এবং তদুপকারবিষয়ে তাহারা কেমন অযোগ্য এতদ্বিস্মৃতি সময়ে ঘটে। এই স্থানে অন্যেরদেরও বহুকষ্ট ঘটিয়াছে কিন্তু ঐ স্থানে পহুঁছিলে তাহার বিষয়ে আরও কহিব যেহেতুক আমি নিশ্চয় জানি যে ঐ যুদ্ধের কোনো এক চিহ্ন কিম্বা ঐ যুদ্ধ যে হইয়াছিল তদ্বিষয়ে প্রমাণদায়ি কোনো এক স্মারক অদ্যাপর্য্যন্ত বর্ত্তমান আছে।

অপর অনুগ্রহশীলা কহিল আমারদের যাত্রার অন্যং স্থানে আমার যেমত মঙ্গল হইয়াছে এই স্থানেতেও আমার জ্ঞানে আ

মার সেমত মঙ্গল হইয়াছে এই স্থান আমার প্রতিবড়মনোরম্য বোধ হয়। রথের গমাগম এবং তচ্চক্রশব্দ যেস্থানে নাই এমত স্থানে বাসকরণে আমি অতিসম্মতা। আমার মনে লয় যে কোনো কেহ এই স্থানে অনিবার্য্যরূপে আপনার বিষয়ে বক্ষ্যমাণ রীতিক্রমে ভাব্যভাবনা করিতে পারে বিশেষতঃ আমি কি বস্তু এবং কোথাহইতে আসিয়াছি এবং কি করিয়াছি এবং আমার রাজা আমাকে কোন কার্য্যে আহ্বান করিয়াছেন। মনুষ্যের চক্ষু যাবৎ খেশ্‌বোনের পুষ্করিণীবৎ না হয় তাবৎ সে এই স্থানে ভগ্নচিত্ত এবং নিরাশান্তঃকরণ হওনপর্য্যন্ত ভাব্যভাবনা করিতে পারে। বাকা নামে এই তলীর মধ্যহইয়া সরলরূপে গন্তারা তাহাকে কূপবৎ করে এবং এই স্থানবাসিরদের উপরে ঈশ্বরকর্ত্তৃক বর্ষিত বৃষ্টিও পুষ্করিণীরদিগকে পরিপূর্ণ করে। এই তলীর মধ্য হইতে রাজা তাহারদিগকে দ্রাক্ষাক্ষেত্রাধিকার দিবেন এবং খ্রীষ্টীয়ানের মত অপাল্যনের সহিত সাক্ষাৎ হইলেও তন্মধ্য হইয়া গমনকারিরা গান করিবে।

অপর বৃহচ্চিত্তনামে তাহারদের পথপ্রদর্শক কহিলেন তাহা সত্য আমি এ তলীর মধ্যহইয়া অনেকবার গিয়াছি এবং এই স্থানে আমার যেমন মঙ্গল হইয়াছিল তদপেক্ষা অধিক কখনো হয় নাই।

আমিও অনেক যাত্রিরদের পথপ্রদর্শক হইয়া আসিয়াছি এবং তাহারাও তৎপ্রামণবিষয়ে স্বীকৃত হইয়াছে। রাজা কহেন এই মনুষ্যের প্রতি অর্থাৎ দরিদ্র এবং নম্রান্তঃকরণ এবং আমার বাক্যে কম্প্রমান যে তাহার প্রতি আমি অবলোকন করিব।

অপর তাহারা গমন করত পূর্ব্ব কথিত সংগ্রামস্থানে উপস্থিত হইল তাহাতে পথপ্রদর্শক খ্রীষ্টীয়ানীকে এবং তাহার সন্ততির দিগকে এবং অনুগ্রহশীলাকে কহিলেন যে এই স্থানে এই ভূমিতে খ্রীষ্টীয়ান যুদ্ধার্থে দণ্ডায়মান হইয়াছিল এবং ঐ স্থান হইয়া

অপাল্যান্ তাহার প্রতিকূলে যুদ্ধ করিতে আইল এবং দেখ আমি তোমারদিগকে কি কহি নাই যে এই প্রস্তরোপরি তোমার স্বামির কতক রক্ত অদ্যপর্যন্ত লাগিয়া রহিয়াছে। আরো দেখ ঐ স্থানে ইতস্তত ছিটান অপাল্যনের কতকগুলিন ভগ্নশর দেখা যায় এবং পরস্পর যুদ্ধসময়ে স্বস্বস্থান রক্ষার্থে তাহারা মৃত্তিকাকে স্থানেং কেমন খণ্ডং করিয়া উচ্ছন্ন করিয়াছে এবং তাহারদের একপার্শ্বীয় আঘাতদ্বারা তাহারা প্রস্তরকেও খণ্ডং করিয়াছে। এই স্থানে খ্রীষ্টীয়ান স্বার্থক সমনুষ্যত্ব দর্শাইয়াছিল এবং হের্কুলীস্নামক শূরবৎ আত্মবীরত্ব প্রকাশ করিয়াছিল। অপর অপাল্যান্ পরাস্ত হইলে সে ইহার পর প্রান্ততলীতে অর্থাৎ মৃত্যুচ্ছায়ানামক তলীতে পলায়ন করিয়া লুক্কায়িত রহিয়াছিল আমরা কিঞ্চিৎপরে সে তলীতে পহুঁছিব।

এবং দেখ সম্মুখবর্ত্তি ঐ স্থানে খ্রীষ্টীয়ানের সংগ্রামবিষয়ক এবং পরাজয়বিষয়ক ভাবিপুরুষপুরুষানুক্রমে তাহার সুখ্যাতি নির্ণয়কারি বিবরণেতে মুদ্রিত এক স্তম্ভ দণ্ডায়মান আছে। ঐ স্তম্ভ পথপার্শ্বে কিঞ্চিদগ্রে স্থিতপ্রযুক্ত তাহারা তাহার নিকটে উপস্থিত হইয়া তাহা পাঠ করিল তৎপাঠ এই।

খ্রীষ্টীয়ানের জয়জ্ঞাপক চিহ্ন। প্রথম ভাগের ৭৯ পৃষ্ঠাবধি পাঠ করুন।

এস্থান সমীপবর্ত্তি অদ্ভুত অতুল।
অতিসত্য একবৃহদ্যুদ্ধ হয়ে। ছিল ॥
পরস্পর পরাজয়ে এক খ্রীষ্টীয়ান।
যুদ্ধ আরম্ভিয়াছিল আর আপল্যন্ ॥ ১ ॥

ঐ মনুষ্য মনুষ্যত্ব স্বয়ং এরূপেতে।
প্রকাশ করিয়াছিল পিশাচ তাহাতে ॥
পরাঙ্মুখ হৈল প্রমাণার্থে সেবিষয়ে।
স্মারকের মত আমি আছি দাঁড়াইয়ে ॥ ২ ॥

অপর নম্রনামক তলী পার হইলে তাহারা মৃত্যুচ্ছায়ানামক পরতলীর সীমাতে উপস্থিত হইল ঐ তলী পূর্ব্বতল্যপেক্ষা অতি দীর্ঘা ছিল এবং অনেকে যদ্রূপ জ্ঞাত আছে তদ্রূপ ঐ তলী অনেক উপদ্রবেতে উপদ্রুতা আছে কিন্তু দিবসসময়প্রযুক্ত এবং বৃহচ্চিত্ত পথপ্রদর্শকপ্রযুক্ত ঐ স্ত্রীলোকেরা এবং বালকেরা পূর্ব্বতলী পার হওনাপেক্ষা এই তলী হইয়া অধিক সুগমরূপে পার হইয়া গেল।

অপর মৃত্যুচ্ছায়ানামক তলীতে প্রবিষ্ট হইলে তাহারা অনুমান করিল যে ম্রিয়মাণ ব্যক্তির কোঁকানির ন্যায় এক মহাকোঁকানি শুনিল। তাহা ছাড়া অতিশয় যন্ত্রণাতে ব্যথিত ব্যক্তির ন্যায় শব্দকারি বিলাপ শব্দ শুনিল ইহাও অনুমান করিল এই সমস্ত বিষয়েতে বালকেরা কম্পমান হইল এবং স্ত্রীলোকেরদের মুখ পাঙ্গাসবর্ণ হইল কিন্তু তাহারদের পথপ্রদর্শক কহিলেন তোমরা সুস্থির হও।

তাহাতে তাহারা কিঞ্চিদগ্রসর হইয়া অনুমান করিল যে অধঃশূন্যবৎ তাহারদের পদতলে মৃত্তিকা কাঁপিতে লাগিল তাহা ছাড়াও তাহারা সর্পেরি গর্জনবৎ শব্দ শুনিল কিন্তু কিছুই দেখা দিল না। পরে বালকেরা জিজ্ঞাসিল যে এই দুর্গমস্থানের অন্ত আমরা কি এইক্ষণপর্য্যন্ত প্রাপ্ত হই নাই তাহাতে পথপ্রদর্শক কহিলেন তোমরা অতিসাহসবান হও এবং আত্মপাদবিক্ষেপে সাবধান হও পাছে তোমরা আপদ্গ্রস্ত হও।

ঐ সময়ে যাকুব নামে বালক কিঞ্চিৎ পীড়িতপ্রায় দর্শাইল কিন্তু আমি বুঝি তাহার কারণ আতঙ্ক তাহাতে তাহার মাতা অর্থদায়কের গৃহে আপনাকে দত্ত কিঞ্চিৎ মদিরা এবং প্রথরনামক চিকিৎসককর্ত্তৃক কৃত বটিকাত্রয় তাহাকে সেবন করাইল তাহাতে ঐ বালকের কিঞ্চিৎ উপশম হইতে লাগিল। এতদ্রূপে তলীর মধ্যস্থানে পহুঁছনপর্য্যন্ত তাহারা অগ্রসর হইল সে স্থানে পহুঁছিয়া খ্রীষ্টীয়ানী কহিল আমি কখনো দেখি নাই

এমত অগ্রে পথেতে এক আকারবিশিষ্ট কিছু দেখিতে পাই। তাহাতে যুসফ কহিল হে মাতঃ সে কি। খ্রীষ্টীয়ানী কহিল হে বৎস তাহা অতিকদর্য্যাকারবৎ দৃষ্ট হয়। তাহাতে ঐ বালক পুনশ্চ কহিল যে হে মাতঃ কিন্তু তাহা কোন দ্রব্যের তুল্য। তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল আমি কহিতে পারি না তাহা কিসের মত এবং তাহা এখন কেবল অল্প দূরে আছে পরে কহিলেন যে তাহা অতিনিকটবর্ত্তি হইতেছে।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন তোমারদের মধ্যে যাহারা অধিক ভীত তাহারা আমার নিকটে ঘেঁষিয়া থাকুক এতদ্রূপে ঐ পিশাচ নিকটবর্ত্তী হইতে লাগিল এবং পথপ্রদর্শক তাহার সহিত মিলিতে গেল কিন্তু তিনি তাহার নিকটে উপস্থিত হন এমত সময়ে সে আকার সকলের দৃষ্ট্যাগোচর হইল তাহাতে কিঞ্চিৎ পূর্ব্বে তাহারদের প্রতি কথিত বাক্য তাহারদের স্মরণে আইল বিশেষতঃ শয়তানের প্রতিকূলাচারী হইলে সে তোমারদিগহইতে পলাইবে।

অপর তাহারা কিঞ্চিৎ সাহসপ্রাপ্ত হইয়া অগ্রসর হইতে লাগিল কিন্তু তাহারা বহুদূর যায় নাই ইতোমধ্যে অনুগ্রহশীলা পশ্চাদ্দৃষ্টি করত আত্মচিত্তমধ্যে বোধ করিল যে সিংহের ন্যায় কিছু দেখিল এবং তাহা ধুড়ুং করিয়া পশ্চাৎ আসিতে লাগিল তাহার শব্দ সিংহগর্জনবৎ ছিল এবং প্রত্যেক গর্জনসময়ে তাবত্ত লীতে প্রতিধ্বনি হইতে লাগিল তাহাতে পথপ্রদর্শকব্যতিরেকে সকলের অন্তঃকরণ নিরাশ হইতে লাগিল। অপর ঐ সিংহ উপস্থিত হইল তাহাতে বৃহচ্চিত্ত পশ্চাদ্বর্ত্তী হইয়া যাত্রিরদিগকে অগ্রেং গতি করাইলেন। পরে ঐ সিংহ ত্বরা উপস্থিত হওয়াতে বৃহচ্চিত্ত তাহার সহিত যুদ্ধার্থে উদ্যোগ করিলেন কিন্তু যখন ঐ সিংহ দেখিল যে বৃহচ্চিত্ত তাহার নিবারণে নিশ্চয় করিয়াছিলেন তখন সে পশ্চাৎ হটিয়া আর অগ্রসর হইল না।

অপর তাহারা অগ্রসর হইল এবং পথের তাবদনুপ্রস্থব্যাপ্ত এক খাত ছিল এমত স্থানে উপস্থিতপর্য্যন্ত পথপ্রদর্শক তাহারদের অগ্রে২ চলিলেন এবং তাহারা সে খাত পার হওনে উদ্যোগ করিয়া প্রস্তুত হওনপূর্ব্বে এক ঘোরকুয়াসা এবং অন্ধকার তাহারদের উপরে পড়িল তাহাতে তাহারা কিছুই দেখিতে পাইল না। তাহা দেখিয়া যাত্রিরা কহিল হায় এইক্ষণে আমরা কি করি তাহাতে তাহারদের পথপ্রদর্শক উত্তর করিলেন যে ভয় করিও না মাত্র দাঁড়াইয়া থাক এবং ইহারও শেষ কি হইবে তাহা দেখিতে পাইবা অতএব তাহারদের পথরুদ্ধপ্রযুক্ত তাহারা সেইস্থানে দাঁড়াইয়া রহিল। সেই সময়েও তাহারা অনুমান করিল যে আমরা শত্রুরদের গমনাগমন হুড়াহুড়ি শব্দ অধিক স্পষ্ট শুনিতে পাই এবং ঐ খাতের অগ্নি ও ধূম অধিক স্পষ্টরূপে দৃষ্ট হইল। তাহা দেখিয়া খ্রীষ্টীয়ানী অনুগ্রহশীলাকে কহিল আমার স্বামি বেচারার যে২ ক্লেশ ঘটিয়াছিল তাহা আমি এখন দেখিতে পাই এই স্থানের বিষয়ে আমি অনেক শুনিয়াছি কিন্তু ইহার পূর্ব্বে আমি এই স্থানে কখনো আইসি নাই। হায় অভাগামানুষ তিনি এই স্থান হইয়া রাত্রিতে একাকী গতি করিয়াছিলেন এ তাবৎপথে প্রায় তাঁহার রাত্রি কাল ছিল। এবং তাঁহাকে খণ্ড২ করে এইরীতিক্রমে এই পিশাচসমস্ত তাঁহার চতুর্দ্দিগে ক্রীড়া করিয়া বেড়াইল। অনেকে মৃত্যুচ্ছায়ানামক তলীবিষয়ে গপ্প করিয়াছে কিন্তু স্বয়ংই উপস্থিত না হইলে কোনো কেহ কহিতে পারে না যে তদভিপ্রায় কি। স্বস্বান্তঃকরণ স্বস্বকটুত্বজ্ঞ আছে অন্যেতে তাহার আহ্লাদজ্ঞ নয়। এইস্থানে থাকা অতিশঙ্কার বিষয়।

অপর বৃহচ্চিত্ত কহিলেন মহাজলেতে কার্য্য করণন্যায় বা গভীর স্থানেতে অধোগমনন্যায় এ বিষয়। সমুদ্রের অন্তরে প্রবিষ্ট হওনবৎ এবং পর্ব্বতের অধঃস্থানে প্রবেশতুল্য এ বিষয়।

এইক্ষণে বোধ হয় যে পৃথিবী আপনার সমস্ত অবরোধসুদ্ধ সর্ব্বদা আমারদের চতুর্দ্দিগে আছে। কিন্তু অন্ধকারেতে গতিকারিরা এবং আলোবিহীনেরা য়িহুহের নামেতে ভরসা রাখুক এবং আপনারদের ঈশ্বরেতে নির্ভর করুক। আমার বিষয়ে কহিতে গেলে পূর্ব্বে যেমন কহিয়াছি তেমন কহি আমি অনেকবার এ তলী হইয়া গিয়াছি এবং এইক্ষণে যেমন আপদ্গ্রস্ত আছি তদপেক্ষা বহুকষ্টগ্রস্ত হইয়াছি তথাপি তোমরা দেখিতেছ আমি জীবৎ আছি। আমি গর্ব্ব করিতে চাহি না কেননা আমি আত্মত্রাতা নই কিন্তু আমি ভরসা রাখি যে আমারদের ভদ্রূপে নিস্তার হইবে। আইস আমারদের অন্ধকারের এবং ইহারদের দমন করণে সমর্থ কেবল নয় কিন্তু নরকবাসি তাবৎশয়তানেরদিগের দমন করণে সমর্থের স্থানে আমরা আলোর কারণ প্রার্থনা করি।

তাহাতে তাহারদের ক্রন্দনে এবং প্রার্থনা করাতে ঈশ্বর আলো এবং মুক্তি দিলেন যেহেতুক তাহারদের পথেতে অর্থাৎ যে স্থানে তাহারা এইক্ষণে খাতজন্য অবরুদ্ধ হইয়া রহিয়াছিল সেস্থানে গমনপথ ছিল না। এবং সে সময়ে তাহারা তলী পার হয় নাই অতএব তাহারা অগ্রসর হইল এবং দেখ তাহারদের অতিহিংসাকারি অতিশয় দুর্গন্ধ ইত্যাদি নির্গত হইতে লাগিল তাহাতে অনুগ্রহশীলা খ্রীষ্টীয়ানীকে কহিল যে দ্বারেতে বা অর্থদায়কের গৃহেতে বা শেষবাসগৃহেতে আমারদের যেমন সুখ হইয়াছিল তেমন সুখ এস্থানে নাই।

তাহা শুনিয়া বালকেরদের মধ্যে এক জন কহিল কিন্তু ওহে সে যাহা হউক এই স্থানে সর্ব্বদা স্থিত্যপেক্ষা এইস্থান হইয়া গমনমাত্র তদধিক মন্দ নয়। এবং না জানি আমারদের নিমিত্তে প্রস্তুতীকৃত গৃহে এই স্থান হইয়া গমনের এক কারণ এই যে ঐ নিবাস আমারদের প্রতি অধিক মিষ্ট হয়।

তাহাতে পথপ্রদর্শক শামুএলকে কহিলেন তুমি এখন মনুষ্যের

মত কথা কহিয়াছ। তাহাতে ঐ বালক কহিল আমি যদি এই স্থানহইতে কখনো নির্গত হইতে পারি তবে আমার আবদ্বয়সে আমি আলোকে এবং ভদ্রপথকে যেরূপ বহুমূল্যস্বরূপ বোধ করি নাই তদপেক্ষা অধিক মূল্যরূপ বোধ করিব। পরে ঐ পথপ্রদর্শক কহিলেন কিঞ্চিৎকাল বিলম্বে আমরা নির্গত হইব।

এই রীতিক্রমে তাহারা অগ্রসর হইতে লাগিল এবং যুসফ কহিল এখনো আমরা কি তলীর অগ্রপর্য্যন্ত দেখিতে পাই না তাহাতে পথপ্রদর্শক কহিলেন আত্মপাদবিক্ষেপে সাবধান হও যেহেতুক অল্পব্যাজে আমরা ফাঁদমধ্যে পড়িব। তাহাতে তাহারা স্বস্বপাদবিক্ষেপপ্রতি দৃষ্টি করত অগ্রসর হইতে লাগিল কিন্তু ঐ ফাঁদ ইত্যাদিতে অতিশয় উৎপাতগ্রস্ত ছিল। অপর ফাঁদ ইত্যাদি উৎপাত মধ্যে উপস্থিত হইলে তাহারা পথবামপার্শ্বে ছিন্নগাত্রমাংস খাতে প্রক্ষিপ্ত এক মনুষ্যের ধড় দেখিল তাহাতে পথপ্রদর্শক কহিলেন ঐ ব্যক্তি এপথে গমনকারি অসাবধাননামক এক জন সে এ স্থানে বহু দিবসাবধি পড়িয়া রহিয়াছে সে যখন হত হইয়াছিল তখন সাবধানতর এতন্নামক এক ব্যক্তি তাহার সহিত ছিল কিন্তু সে তাহারদের হস্তহইতে পলাইয়া বাঁচিল। এই স্থানের এদিগ্ওদিগ্ কত লোক হত হয় ইহা তোমারদের অনুমানে অসাধ্য তথাপিও মনুষ্যেরা এমত বাতুলতাপূর্ব্বক সাহসিক হয় যে তাহারা যাত্রিবেশ লঘুজ্ঞান করিয়া পথপ্রদর্শকব্যতিরেকে আইসে হায় গরিব খ্রীষ্টীয়ান বেচারা সে যে এইস্থানহইতে মুক্ত হইয়াছিল ইহা অত্যাশ্চর্য্য কিন্তু সে আত্মেশ্বরোদ্দেশে অতিপ্রিয় ছিল তাহা ছাড়াও তাহার নিজের এক অতিসদন্তঃকরণ ছিল নতুবা সে কখনো মুক্ত হইতে পারিত না। অপর এমত সময়ে তাহারা তলীর অন্তভাগসমীপবর্ত্তী হইতে লাগিল এবং প্রথম ভাগের ৮৮ পৃষ্ঠে কথিত যে স্থানে খ্রীষ্টীয়ান এই পথ হইয়া গমনসময়ে যে গুহাকে দেখিয়াছিল সেই গুহাহইতে

ছিন্নবিচ্ছিন্নকারিনামক এক বীর নির্গত হইল। যুবাযাত্রিরদিগকে ছলদ্বারা নষ্টকরাণ ব্যবসায় ঐ বীরের ছিল তাহাতে সে বৃহচ্ছিত্তকে নাম ধরিয়া ডাকিয়া জিজ্ঞাসিল যে এ প্রকারকার্য্য করণে তুমি কতবার নিবারিত হইয়াছ। তাহা শুনিয়া বৃহচ্ছিত্ত কহিলেন যে কি কার্য্যং। তাহাতে ঐ বীর কহিল তুমি জ্ঞাত আছ কিং কার্য্য কিন্তু সে যাহা হউক আমি তোমার ব্যবসায়ের অন্ত দর্শাইব। পরে বৃহচ্ছিত্ত কহিলেন যে আমারদের যুদ্ধারম্ভপূর্ব্বে আমরা কিনিমিত্তে যুদ্ধ করি তাহা স্পষ্ট জ্ঞাত হই। এই সমস্ত উপদ্রব দেখিয়া স্ত্রীলোকেরা এবং বালকেরা কি করিবে এ বিষয়ে অজ্ঞাত হইয়া কম্পমান হইয়া দাঁড়িয়া রহিল। পরে ঐ বীর কহিল রে বৃহচ্ছিত্ত তুই এই দেশে চৌর্য্য করিতেছিস এবং সর্ব্বাপেক্ষা দুষ্ট চোরদ্বারা এইদেশেতে চুরি করিতেছিস। বৃহচ্ছিত্ত কহিলেন তোর এই সমস্ত বাক্য বিস্তারমাত্র রে ভালোমানুষ বিশেষং করিয়া তাহার নির্ণয় কর।

তাহাতে ঐ ছিন্নবিচ্ছিন্নকারি বীর কহিল তুই মনুষ্যধৃত্ব্যবসায় করিতেছিস তুই স্ত্রী বালক ইত্যাদি কুড়াইয়া আমার প্রভুর রাজ্যের অপ্রতীকার্য্যপূর্ব্বক তাহারদিগকে বিদেশেতে লইয়া যাইতেছিস। তাহা শুনিয়া বৃহচ্ছিত্ত উত্তর করিয়া কহিলেন আমি স্বর্গাধিপতি ঈশ্বরের ভৃত্য। পাপিলোকেরদিগকে পরামনন করাণার্থে পরামর্শ দেওন আমার কার্য্য। মনুষ্য স্ত্রী বালক ইত্যাদিরদিগকে অন্ধকারহইতে আলোতে এবং শয়তানের পরাক্রমহইতে ঈশ্বরের প্রতি গতি করাণার্থে উদ্যোগ করণে আমি প্রাপ্তাজ্ঞ হইয়াছি। ইহাতে যদি তোতে আমাতে বিবাদের কারণ নিশ্চয় হয় তবে তোর যত শীঘ্র ইচ্ছা সংগ্রামারম্ভ করি।

ঐ সমস্ত কথোপকথনানন্তর ঐ বীর নিকটে উপস্থিত হইল এবং বৃহচ্ছিত্ত যুদ্ধার্থে তাহার সহিত মিলিতে গেলেন এবং গমনকালে স্বতলোবার নিষ্কোষ করিলেন কিন্তু ঐ বীরের এক মস্ত

লাদনা ছিল। এই রীতিক্রমে অধিক না কহিয়া তাহারা যড়া যড়ি করিয়া পড়িয়া গেল এবং প্রথম আঘাতে ঐ বীর বৃহচ্ছিত্তকে অন্তীবদ্‌গত করিল তাহা দেখিয়া স্ত্রীলোকেরা এবং বালকেরা কান্দিয়া উঠিল। পরে বৃহচ্ছিত্ত মহাশয় কিঞ্চিৎ সচেতন হইয়া অতিশয় মনোনিবেশপূর্ব্বক পুনর্ব্বার লাগিয়া গেলেন এবং ঐ বীরের বাহুদেশে ক্ষত করিলেন। এতদ্রূপে যাবৎ তপ্তকুণ্ডহইতে বাষ্প নির্গতের ন্যায় ঐ বীরের নাকমুখহইতে শ্বাস নির্গত না হইল তাবৎ বৃহচ্ছিত্ত অতিশয় উত্তপ্তপর্য্যন্ত এক ঘড়িয্যাপিয়া যুদ্ধ করিলেন।

পরে তাহারা উভয়ে বিশ্রামার্থে ক্ষণেক বসিল ইতোমধ্যে বৃহচ্ছিত্ত প্রার্থনা করিতে আরম্ভ করিলেন এবং যুদ্ধের তাবৎ সময়ব্যাপিয়া স্ত্রীলোকেরা ও বালকেরা ক্রন্দন এবং বিলাপমাত্র করিল।

অপর ঐ বীর এবং বৃহচ্ছিত্ত নিরস্ত হইয়া কিঞ্চিৎকাল শ্বাস গ্রহণানন্তর তাহারা উভয়ে পুনর্ব্বার সংগ্রামারম্ভ করিল এবং বৃহচ্ছিত্ত এক মহাঘাত করিয়া ঐ বীরকে সমভূমি করিলেন। তাহাতে ঐ বীর কহিল আমাকে কিঞ্চিৎ ক্ষমা দিউন আমি দম লই তাহাতে বৃহচ্ছিত্ত মহাশয় তাহাকে উঠিতে দিলেন পরে তাহারা পুনর্ব্বার সংগ্রামারম্ভ করাতে ঐ বীর স্বগদাদ্বারা এমত চোটে আঘাত করিল যে বৃহচ্ছিত্তের মস্তক অল্পেতে বাঁচিয়া গেল।

তাহা টের পাইয়া বৃহচ্ছিত্ত ঐ বীরের নিকটে অতিসন্তাপপূর্ব্বক দৌড়িয়া যাইয়া তাহাকে পঞ্চমপর্শুকাধঃস্থানে বিদীর্ণ করিলেন তাহাতে ঐ বীর মূর্চ্ছিত হইয়া স্বগদাধারণে অক্ষম হইল পরে বৃহচ্ছিত্ত দ্বিতীয়বার আঘাত করণেতে ঐ বীরের মস্তক ছেদন করিলেন। তাহা দেখিয়া ঐ স্ত্রীলোকেরা এবং বালকেরা অত্যাহ্লাদিত হইল এবং বৃহচ্ছিত্ত তদ্ভক্তিজনক ঈশ্বরকে স্তুতি করিতে লাগিলেন।

ঐ সমস্ত কার্য্য সিদ্ধ হইলে যাত্রিরা পরস্পর এক স্তম্ভ খাড়া করিয়া ঐ বীরের মস্তক তাহার উপরে লট্‌কাইয়া দিয়া গন্তারা পাঠ করিতে পারে এমত বৃহদক্ষরে তদধঃস্থানে বক্ষ্যমাণ শ্লোকদ্বয় লিখিয়া রাখিল।

এই যে মস্তকধারী যাত্রিরদিগের।
হয়েছিল অতিশয় ক্লেশের আকর॥
এবং সেই তাহাদের পথ রোধ কৈল।
কাহাকেও না ছাড়িয়া পরিহাস কৈল॥ ১॥

এমত সময়ে বৃহচ্চিত্ত মহাশয়।
নামে আমি যাত্রিরদের পথদর্শনায়॥
হয়েছিলাম তজ্জন্যেও যাত্রিরদিগের।
প্রাতিকূল্য করিলাম বাধক বীরের॥ ২॥

---

৮ অষ্টমাধ্যায়।

আত্মপ্রতি ঘটিত কার্য্য এবং ভীরুনামক মহাশয়ের প্রতি ঘটিত কার্য্যনির্ণয়কারি সত্যবাদিমহাশয়ের লাগাইস যাত্রিরদিগেরকর্তৃক প্রাপন বিবরণ।

অপর আমি দেখিলাম যে যাত্রিরদের দর্শনার্থে পর্ব্বতাকারকৃত অল্পদূরস্থিত এক চড়াউস্থানপর্য্যন্ত যাত্রিরা উপস্থিত হইল ঐ স্থানে থাকিয়া খ্রীষ্টীয়ান বিশ্বাসিনামক আত্মভ্রাতার প্রথম দর্শন পাইয়াছিল। প্রথম ভাগের ৮৯ পৃষ্ঠাবধি পাঠ করুন। অতএব তাহারা সেই স্থানে উপস্থিত হইয়া কিঞ্চিদ্বিশ্রামানন্তর ভোজন পান করিয়া আহ্লাদামোদ করিল যেহেতুক কথিত দুর্জয়শত্রু হইতে তাহা

রা উদ্ধৃত হইয়াছিল। অপর উপবিষ্ট হইয়া ভোজনাদি করিতে ছিল ইতোমধ্যে খ্রীষ্টীয়ানী পথপ্রদর্শককে জিজ্ঞাসিল যে রণেতে আপনার কিছু হিংসা হইয়াছে কি না তাহাতে বৃহচ্চিত্তনামক মহাশয় কহিলেন না মাংসেতে ব্যতিরিক্ত অন্য কোনো স্থানে হিংসাপ্রাপ্ত হই নাই। তথাপি তাহাও আমার বাধক না হইয়া বরং এইক্ষণে আমার প্রভুর প্রতি এবং তোমারদের প্রতি আমার স্নেহের প্রমাণ হইবে এবং অনুগ্রহপূর্ব্বক অবশেষে আমার প্রতিফলবর্দ্ধনের এক উপায় হইবে।

কিন্তু হে মহাশয় যখন সে লগুড়হস্ত হইয়া আপনকার নিকটে আসিয়াছিল তখন কি আপনি ভীত হন নাই।

তাহাতে তিনি কহিলেন সর্ব্বাপেক্ষা শক্তিমান যিনি তাঁহারে আমি যে নির্ভর রাখি এতদর্থে আপনার ক্ষমতাতে প্রত্যয় না করণ আমার কর্ত্তব্য। কিন্তু যখন সে প্রথমাঘাতেতে আপনাকে সমভূমি করিয়াছিল তখন আপনি কি ভাবিয়াছিলেন তাহাতে তিনি কহিলেন যে আমার প্রভুও তদ্রূপে আক্রান্ত হইয়াছিলেন তথাপি অবশেষে তিনি জয়ী ছিলেন ইহা ভাবিলাম।

অপর মাতিউ কহিল তোমারদের সকলের যাহা আছে তৎকথনান্তর আমি ইহা ভাবি যে এই তলীহইতে আমারদিগকে নির্গত করণে এবং এই শত্রুহইতে আমারদিগকে মুক্ত করণে ঈশ্বর আমারদের প্রতি অত্যাশ্চর্য্যরূপে অনুগ্রহ করিয়াছেন যেহেতুক এইক্ষণে এবং এতদ্রূপ স্থানে ঈশ্বর আপনার স্নেহের এমত প্রমাণ দেওনেতে তাঁহারে অবিশ্বস্ত হওনে আমারদের আর কোনো কারণ দেখি না।

অপর তাহারা উঠিয়া অগ্রসর হইল ঐ সময়ে তাহারদের কিঞ্চিদগ্রে এক আল্লোন বৃক্ষ ছিল এবং তাহার নিকটে উপস্থিত হইয়া তাহারা তদধঃস্থানে ঘোরনিদ্রাগত এক বৃদ্ধ যাত্রিকে পাইল

এবং তাহার বস্ত্র দণ্ড দামন ইত্যাদিদ্বারা জানিল যে সে এক জন যাত্রিক।

তাহাতে বৃহচ্চিত্তনামক পথপ্রদর্শক মহাশয় তাহাকে জাগাইলেন এবং ঐ বৃদ্ধব্যক্তি স্বচক্ষু উন্মীলন করত উচ্চৈঃস্বরে কহিল যে কি ঘটিয়াছে তোরা কে এবং এস্থানে তোরদের কি কার্য্য।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন হে মনুষ্য এমত উত্তপ্ত হইও না এই স্থানে বন্ধুব্যতিরেকে কেহ নাই তথাপি ঐ বৃদ্ধব্যক্তি উঠিয়া দাঁড়াইয়া কটিবদ্ধ হইয়া তাহারা কে ইহা জানিতে নিশ্চয় করিল। তাহাতে পথপ্রদর্শক কহিলেন আমার নাম বৃহচ্চিত্ত স্বর্গীয় রাজধানীতে গমনকারি এই যাত্রিরদের পথপ্রদর্শক আমি। ঐ বৃদ্ধ ব্যক্তির নাম সত্যবাদী।

পরে সত্যবাদিমহাশয় কহিলেন আমাকে ক্ষমা করুন আমার ভয় ছিল যে কিঞ্চিৎপূর্ব্বে অল্পবিশ্বাসির অর্থাপহারকেরদের দলস্থ এক লোক তুমি কিন্তু এখন চতুর্দ্দিগে বিবেচনা করিয়া দেখিলে আমি জানি যে তোমরা তদপেক্ষায় অধিক সাধুলোক।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন কেনো আমরা তাহার দলস্থ লোক যদি নিশ্চয় হইতাম তবে আপনি কি করিতেন বা কি করণে আপনার সাধ্য হইত বা আপনি আপনাকে কেমন করিয়া রক্ষা করিতেন।

সত্যবাদী কহিলেন আমি কি করিতাম ইহা কহিতেছেন যাবৎ আমার মধ্যে শ্বাস থাকিত তাবৎ আমি যুদ্ধ করিতাম এবং তদ্রূপ যুদ্ধ করিলে আমি নিশ্চয় জানি আপনি কখনো আমাকে পরাস্ত করিতে পারিতেন না যেহেতুক খ্রীষ্টীয়ানব্যক্তি স্বয়ংই অধীনতা স্বীকার না করিলে কখনো পরাস্ত হইতে পারে না।

তাহাতে বৃহচ্চিত্তনামক পথপ্রদর্শককে কহিলেন হে পিতঃ সত্যবাদিন্ আপনি উত্তম কহিয়াছেন যেহেতুক এতদ্দ্বারা আমি

জানি যে আপনি সার্থকেরদের মধ্যে এক জন কেননা আপনি সত্য বাক্য কহিয়াছেন।

পরে সত্যবাদী কহিলেন এবং এতদ্বিষয়দ্বারাও আমি জানি যে আপনি যাথার্থিক যাত্রিরদের কার্য্য অবগত আছেন যেহেতুক অন্য সকলেতে অনুমান করে যে আমরা অন্যলোকাপেক্ষায় অতি শীঘ্র পরাস্ত হই।

অপর বৃহচ্চিত্ত কহিলেন ভদ্র আমারদের অতিভাগ্যপূর্ব্বক সাক্ষাৎ হওনপ্রযুক্ত আমি এখন প্রার্থনা করি যে আপনি আপনকার নাম এবং আপনি যে স্থানহইতে আসিয়াছেন তাহার নাম কহুন।

তাহাতে সত্যবাদী কহিলেন আমার নাম আমি কহিতে পারি না কিন্তু আমি মূর্খতানামক নগরহইতে আসিয়াছি। ঐ নগর ধ্বংসিনামক নগরহইতে অনুমানে ক্রমচতুষ্টয় দূর।

অপর বৃহচ্চিত্ত কহিলেন যে হাঁ হাঁ আপনি কি সে নগরবাসী তবে অনুমান করি যে আমি প্রায় আপনাকে অবগত আছি আপনকার নাম কি বৃদ্ধসত্যবাদী নয়। ঐ কথাতে সে বৃদ্ধ মহাশয় অধোবদন হইয়া কহিলেন নিশ্চয়সত্যবাদিত্ব নয় কিন্তু সত্যবাদী আমার নাম এবং আমার এই বাঞ্ছা যে আমার নামের সহিত আমার স্বভাব মিলে।

পরে ঐ বৃদ্ধসত্যবাদী কহিলেন কিন্তু হে মহাশয় আমি তদ্রূপ স্থানহইতে আগমন করাতে আপনি কিরূপে জানিতে পান যে আমি তদ্রূপ লোক।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন আমার প্রভুদ্বারা আমি পূর্ব্বে আপনকার বিষয়ে অবগত হইয়াছি যেহেতুক পৃথিবীতে কৃতসমস্ত বিষয় তিনি অবগত আছেন কিন্তু আমার ইহাতে অত্যাশ্চর্য্য বোধ হয় যে আপনকার স্থানহইতে কেহ এই স্থানে উপস্থিত হয় যেহেতুক ধ্বংসিনগরাপেক্ষা আপনকার নগর অধিক মন্দ।

পরে সত্যবাদী কহিলেন হাঁ ধুৃং সিনগরাপেক্ষায় আমারদের নগর সূর্য্যহইতে বহুদূর অতএব আমরা অধিক হিমবান এবং চেতনরহিত। কিন্তু মনুষ্য সংযতজলপর্ব্বতমধ্যে যদি স্থিতি করে তথাপি তাহার উপরে যদি যাথার্থ্যের সূর্য্যোদয় হন তবে তাহার সংযতান্তঃকরণ গলিয়া যায় এবং আমারও তদ্রূপ হইয়াছে।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন হে পিতঃ সত্যবাদিন্ আমি প্রত্যয় করি প্রত্যয় করি যেহেতুক আমি জানি যে সে বিষয় সত্য।

তৎপরে ঐ বৃদ্ধ মহাশয় স্নেহের ধর্ম্মচুম্বনদ্বারা সমস্ত যাত্রির দিগকে বন্দনানন্তর তাহারদের নাম এবং যাত্রায় অগ্রসর হওন পরে তাহারদের প্রতি কিং ঘটিয়াছিল এ সমস্ত জিজ্ঞাসিলেন।

তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল আমার নামবিষয়ে বুঝি আপনি জ্ঞাত আছেন ভদ্র খ্রীষ্টীয়ান আমার স্বামী ছিলেন এবং এই সন্তান চতুষ্টয় তাঁহার। কিন্তু হে পাঠক আপনারা অনুমান করিতে পারেন যে যখন খ্রীষ্টীয়ানী তাঁহাকে কহিল সে কে তখন ঐ বৃদ্ধলোকের কি অবস্থা না হইয়াছিল তিনি লম্ফদিয়া হাস্যবদন হইয়া সহস্রং ভদ্রেচ্ছাপূর্ব্বক তাহারদিগকে আশীর্ব্বাদ করিলেন বিশেষতঃ

সত্যবাদী কহিলেন তোমার স্বামির বিষয়ে এবং তাহার যাত্রা বিষয়ে এবং যুদ্ধবিষয়ে তৎকালে কিং ঘটিয়াছিল ইহার অনেক আমি শুনিয়াছি। এবং তোমার সান্ত্বনার্থে কথিতব্য যে জগৎ স্থিত এই তাবৎস্থানে তোমার স্বামির প্রশংসাধ্বনি প্রসিদ্ধ আছে সর্ব্বপ্রকারদুঃখসময়ে তাহার প্রত্যয় এবং সাহস এবং ধৈর্য্য এবং নিষ্ঠতা তাহাকে অতিখ্যাত্যাপন্ন করিয়াছে। পরে বালকেদের প্রতি ফিরিয়া তিনি তাহারদের নাম জিজ্ঞাসা করিলেন তাহাতে তাহারা স্বস্বনাম কহিল। পরে তিনি তাহারদিগের পৃথকং নাম ধরিয়া কহিলেন হে মাতিউ তুমি মাতিউনামক পাট

বারির ন্যায় হও কুকর্ম্মেতে নয় কিন্তু সুক্রিয়াতে। হে শামুএল তুমি শামুএলনামক আচার্য্যবৎ প্রত্যয়েতে এবং প্রার্থনাতে খ্যাত হও। হে যুসফ তুমি পোটিফরের গৃহে স্থিতকালে যুসফের ন্যায় শুদ্ধাচারী এবং পরীক্ষাহইতে পলায়নকারী হও। হে য়আকুব তুমি যথার্থনামক য়আকুবের এবং আমারদের প্রভুর ভ্রাতা য়আকুবের সদৃশ হও। পরে তাহারা তাহাকে অনুগ্রহশীলার বিষয়ে এবং সে খ্রীষ্টীয়ানীর সহিত এবং তাহার সন্ততির সহিত আগমনার্থে কি প্রকার আপনার নগর জ্ঞাতি কুটুম্ব ইত্যাদি ত্যাগ করিয়া আসিয়াছিল ইহা অবগত করাইল। তাহা শুনিয়া ঐ সত্যবাদিবৃদ্ধ কহিলেন তোমার নাম অনুগ্রহশীলা শান্তিপূর্ব্বক অনুগ্রেহের উপইকে সম্মুখাসম্মুখি দর্শন করিবা এমত স্থানে যেপর্য্যন্ত না পহুঁছ সেপর্য্যন্ত পথেতে তুমি যদ্যদুকষ্টদ্বারা আক্রান্তা হও সে সকলের মধ্য হইয়া অনুগ্রহদ্বারা রক্ষিতা এবং সুরক্ষিতা হইবা।

ঐ কথোপকথন তাবৎসময়ে বৃহচ্চিত্ত নামে পথপ্রদর্শক মহাশয় অত্যাহ্লাদিত হইয়া আত্মসহায়ের প্রতি ঈষদ্ধাস্যবদন হইয়া রহিলেন।

অপর পরস্পর গমন করত ঐ পথপ্রদর্শক ঐ বৃদ্ধ মহাশয়কে জিজ্ঞাসিলেন আপনার দেশহইতে যাত্রাতে আগন্তুক ভীরুনামক এক ব্যক্তির সহিত আপনকার পরিচয় ছিল কি না।

সত্যবাদী কহিলেন হাঁ হাঁ তাহাকে আমি সুন্দররূপে জ্ঞাত আছি তাহাতে বিষয়ের মূল ছিল বটে কিন্তু সে আমার তাবদ্বয়সে প্রাপ্ত সর্ব্বাপেক্ষা ব্যামোহদায়ক যাত্রিক ছিল।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন আমি দেখিতে পাই যে আপনার তাহার সহিত আলাপ ছিল যেহেতুক আপনি তাহার চরিত্রের অতিসুন্দর নিদর্শন দিয়াছেন।

সত্যবাদী কহিলেন আমি তাহাকে জানি কহিতেছেন হাঁ

আমি তাহার এক প্রধানানুসঙ্গী ছিলাম প্রায় সর্ব্বদা আমি তাহার সহিত গতায়াত করিতাম। যখন সে প্রথম ভাবিতে লাগিত যে আগামিকালে আমারদের কি হইবে তখন আমি তাহার সহিত ছিলাম।

অপর বৃহচ্চিত্ত কহিলেন আমার প্রভুর গৃহ অবধি স্বর্গধানী দ্বারপর্য্যন্ত আমি তাহার পথপ্রদর্শক ছিলাম।

তাহাতে সত্যবাদী কহিলেন তবে সে যে ব্যামোহদায়ক লোক তাহা আপনি জ্ঞাত আছেন।

বহচ্চিত্ত কহিলেন হাঁ আমি জ্ঞাত আছি কিন্তু আমি অত্যন্নায়াসপূর্ব্বক তাহা সহ্য করিতে পারিলাম যেহেতুক আমার ন্যায় পদস্থ যে লোক তাহারদের তদ্রূপ ব্যক্তির ভার বারম্বার গ্রহণ করিতে হয়।

পরে সত্যবাদী কহিলেন যে ভদ্র তবে তাহার বিষয় এবং আপনার কর্ত্তৃত্বাধীনসময়ে সে কিরূপ আচরণ করিয়াছিল তাহার কিছু শ্রবণ করাওনে অনুমতি করুন।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন যে কহি সে যে স্থানগমনে বাঞ্ছা করিয়াছিল সে স্থান প্রাপ্ত্যসাধ্যবিষয়ে সে সর্ব্বদা ভীত ছিল। বৈপরীত্যবিশিষ্ট অনুমেয় কোনো ব্যক্তিকর্ত্তৃক কথিত সর্ব্ববাক্যে সে ভীত হইত।

আমি শুনিয়াছিলাম যে সে এক মাসাধিকব্যাপিয়া নিরাশ নামে পঙ্কপার্শ্বে পড়িয়া গোঙ্গাইতে লাগিল এবং তাহার অগ্রে অনেকেতে পার হইয়া গেলেও এবং তাহারদের মধ্যে অনেকে তাহাকে হস্ত দেওনে স্বীকৃত হইলেও সে পার হওনে সাহস কুলাইতে পারিল না এবং সে ফিরিয়াও গেল না। এবং স্বর্গীয় রাজধানীতে না পহুঁছিলে আমি মরিব ইহা সে কহিত তথাপি প্রত্যেক কষ্ট দেখিয়া নিরাশ হইত এবং পথেতে অন্যকর্ত্তৃক প্র

ক্লিষ্ট পুত্যেক কুটাতে উছট খাইত। পরে আমি যেমন কহি য়াছি তদ্রীতিক্রমে সে নিরাশ নামে পঙ্কের নিকটে বহুকালপর্য্যন্ত পড়িয়া থাকিলে পুখররৌদ্রোদয় এক পুভাতে সে সাহস কুলা ইয়া পার হইয়া গেল কিন্তু কিরূপে ইহা আমার বোধগম্য হয় না পরে পার হইলে আমি যে পার হইয়াছি ইহাতে তাহার প্রায় বোধ জন্মিল না। আমার মনে লয় যে নিরাশপঙ্কবৎ এক পঙ্ককে সে আত্মগমন সর্ব্বস্থানে সঙ্গে করিয়া বহিয়া বেড়া ইত নতুবা সে যেমত ছিল এমত কখনো হইত না। অপর আপনকার অবগত এই পথের অগ্রস্থিত দ্বারে সে উপস্থিত হইল এবং সেই স্থানেও আঘাত করণে সাহসহীন হইয়া বহুকাল দণ্ডায়মান রহিল। পরে ঐ দ্বার মুক্ত হইলে সে পশ্চাৎ হটিয়া অন্যকে গমনস্থান দিয়া কহিত আমি যোগ্য নই এবং অন্যাপে ক্ষা সে অগ্রে দ্বারেতে পহুঁছিলে তাহারদের মধ্যে অনেকে তদগ্রে প্রবিষ্ট হইল। ঐ স্থানে ঐ গরীব বেচারা যড়সড় হইয়া দাঁড়াইয়া রহিত এবং নিশ্চয় কহি যে সেই সময় কেহ তাহাকে দেখিলে সে অতিদুঃখিত হইত তথাপিও সে ফিরিয়া গেল না। অবশেষে সে ঐ দ্বারেতে লুণ্ঠমান এক মুদ্গর হস্তে গ্রহণ করিয়া অতি শনৈঃ২ আঘাতদ্বয় করিল তাহাতে এক ব্যক্তি আসিয়া দ্বার খুলিয়া দিল কিন্তু সে পূর্ব্বরীত্যানুক্রমে যড়সড় হইয়া রহিল। পরে দ্বারমোচনকারি ব্যক্তি বাহিরে তাহার নিকটে যাইয়া কহিল হে কম্পমান তুমি কি চাহ তাহা শুনিয়া সে মৃত্তিকাতে দণ্ডবৎ হইয়া পড়িল। তাহার সহিত কথোপকথনকারি ব্যক্তি তাহাকে তদ্রূপ মূর্চ্ছাপন্ন দেখিয়া অত্যাশ্চর্য্য বোধ করিল। পরে সে তাহাকে কহিল আপনার মঙ্গল হউক উঠিয়া দাঁড়াউন কেননা আমি তোমার নিমিত্তে দ্বার খুলি য়াছি অন্তরে আইসুন যেহেতুক আপনি আশীঃ প্রাপ্ত। তাহা শুনি য়া সে উঠিয়া কম্পমান হইয়া অন্তরে পুবেশ করিল কিন্তু অন্তরে প্রবিষ্ট হইলে সে আপনার মুখ দর্শাওনে লজ্জিত হইল। অপর তোমাকর্ত্তৃক জ্ঞাত রীত্যানুসারে সে ঐ স্থানে কতক দিবস আতিথ্য

হইলে গমনে এবং কোন পথ হইয়া অগ্রসর হইবে এবিষয় তা হাকে কথিত হইয়াছিল। এই রীতিক্রমে আমারদের গৃহে পহুঁ ছনপর্য্যন্ত সে অগ্রসর হইল কিন্তু দ্বারেতে সে যেমন ব্যবহার করি য়াছিল তেমন ব্যবহার সে আমার প্রভু অর্থদায়কের দ্বারেতেও করিল। হাঁক্মারণে সাহস কুলাওনপর্য্যন্ত সে সেই স্থানের কোনো একদিগে শীতেতে বহুকালব্যাপিয়া পড়িয়া রহিল তথাপি সে ফি রিয়াও গেল না এবং ঐ সময়ে রাত্রিগুলিন অতিদীর্ঘ ও হিমযুক্ত ছিল। আরো কহি সে যে গৃহীত হয় এবং আমার প্রভুর গৃহস্থিত শান্তিসমস্ত যে তাহাকে দত্ত হয় এবং সে স্বয়ংই মৃগচিত্ত মনুষ্য প্রযুক্ত অতিবলবান এবং বীরত্ববিশিষ্ট এক পথপ্রদর্শক যে তাহা কে দত্ত হয় এতৎপ্রয়োজক আমার প্রভুর স্থানে দেয় এক পত্র তা হার বক্ষঃস্থলে ছিল তথাপিও সে দ্বারে আহ্বান করণে ভীত হইয়া ছিল। এই রীতিক্রমে সে বেচারা সেই স্থানে আহারাভাবে প্রায় ম্রিয়মাণ হওনপর্য্যন্ত ইতস্তত পড়িয়া রহিল আরো কহি তাহার নিরাশা এমত বৃহৎ ছিল যে অনেকে আঘাত করণপ্রযুক্ত প্রবিষ্ট হইতে দেখিয়াও আঘাত করণে তাহার সাহস কুলাইল না। অপর আমার মনে লয় আমি ঝরকা দিয়া চাহিয়া দেখিতে ছিলাম ইত্যোমধ্যে দ্বারে এদিগ্ওদিগ্ গমনকারি এক লোককে দেখিয়া আমি তাহার নিকটে যাইয়া জিজ্ঞাসিলাম তুমি কে কিন্তু ঐ বেচারার চক্ষু অশ্রু পূর্ণ হইল তাহাতে সে কি চাহিল ইহা আমি অনুমান করিলাম। অতএব আমি অন্তরে যাইয়া সেই সমস্ত বিষয় ঘরে অবগত করাইয়া আমারদের প্রভুকেও জ্ঞাত করাইলাম তাহাতে অন্তরে আইসনার্থে তিনি তাহাকে আজ্ঞা করিতে আমাকে পুনর্ব্বার বাহিরে প্রেরণ করিলেন কিন্তু আমি নিশ্চয় কহি তৎকার্য্যসাধনে আমার বহুকষ্ট হইয়াছিল। অবশেষে সে অন্তরে প্রবেশ করিল এবং আমার প্রভুর প্রশংসা র্থে আমি কহি যে তিনি তাহার প্রতি অতিশয় প্রীতি দর্শাই লেন। ভোজনমঞ্চস্থ তাবদ্দ্রসামগ্রীর মধ্যে অত্যল্প সামগ্রী ছিল

যে তাহার কিছু তাহার পাত্রেতে অদত্ত ছিল। পরে সে আপনার পত্র দেখাইল তাহাতে আমার প্রভু তাহা দেখিয়া কহিলেন তোমার বাঞ্ছনীয় দত্ত হইবে। এই রীতিক্রমে সে ঐ স্থানে অনেককাল বাসানন্তর তাহার যৎকিঞ্চিৎ সাহস এবং যৎকিঞ্চিৎ শান্তি জন্মিতে লাগিল। যেহেতুক আপনি জানেন যে আমার প্রভু অতিদয়ালু বিশেষতঃ ভীতেরদের প্রতি অতিনম্রান্তঃকরণ অতএব তাহার অধিক সাহসজননসূচক আচরণ তিনি তাহার প্রতি দর্শাইলেন। অপর ঐ স্থানের সমস্ত বিষয় ইত্যাদি দর্শনানন্তর এবং রাজধানীতে গমনার্থে অগ্রসর হওনে প্রস্তুত হওনানন্তর আমার প্রভু খ্রীষ্টীয়ানের প্রতি পূর্ব্বকৃতরীত্যনুক্রমে তাহাকে এক বোতল মদেরা এবং শান্তিকর কতকগুলিন ভক্ষ্যসামগ্রী দিলেন। এতদ্রূপ আমরা অগ্রসর হইলাম এবং আমি তাহার অগ্রগামী হইয়া চলিলাম কিন্তু ঐ মনুষ্য অত্যল্প বাক্যবাদি ছিল মাত্র কখনোং উচ্চৈঃস্বরে হাঁই ফেলিত।

অপর পূর্ব্বে কথিত ব্যক্তিত্রয়ের ফাঁসিস্থানে আমরা উপস্থিত হইলে সে আমাকে কহিল আমারও এই দশা ঘটিবে এবিষয়ে আমার আশঙ্কা আছে। কিন্তু সে যখন ক্রুশ এবং গুহা দেখিল তখন আহ্লাদিতবৎ দর্শাইল এবং আমি স্বীকৃত হই যে দর্শনার্থে সে ঐ স্থানে যৎকিঞ্চিৎ স্থিতনে বাঞ্ছা করিল এবং কতক কালপর্য্যন্ত কিঞ্চিৎশান্তপ্রায় দর্শাইল। অপর আমরা কঠিননামক টিকরে পহুঁছিলে সে তাহা দেখিয়া বড়একটা বাধিত হইল না এবং সিংহেরদিগকে দেখিয়াও বড়একটা ভীত ছিল না যেহেতুক তোমারদের জ্ঞাতব্য যে এতদ্রূপ বিষয়ে তাহার বড় একটা দুঃখ জন্মিল না কিন্তু শেষে গৃহীত হইব কি না এবিষয়ে তাহার বড় আশঙ্কা ছিল।

সুন্দরী নাম্নী বাটিকাতে তাহার প্রবেশবাঞ্ছাপূর্ব্বে আমি তাহাকে প্রবিষ্ট করাইয়াছিলাম বোধ হয় এবং প্রবিষ্ট হইলে আমি

সেই স্থানের কন্যারদের সহিত তাহার পরিচয় দেওয়াইলাম কিন্তু লোকের সহিত সম্ভাষণে সে অতিশয় লজ্জিত ছিল। একাকী থাকনে তাহার অতিশয় বাঞ্ছা ছিল তথাপি উত্তম কথোপকথনে সে বড়ভাল বাসিত এবং বারম্বার পরদার পশ্চাৎ যাইয়া শুবণ করিত সেও প্রাচীনবিষয় দর্শনে এবং তদ্বিষয়ে আলোচনা করণে অতিপ্রিয় ছিল। পরে সে আমাকে কহিল যে শেষে আমি যে গৃহদ্বয়হইতে আসিয়াছি সে গৃহদ্বয়েতে থাকনে আমার বড় সন্তোষ বিশেষতঃ দ্বারস্থিত গৃহেতে এবং অর্থদায়কের গৃহেতে কিন্তু তদ্বিষয়ে জিজ্ঞাসা করণে তাহার সাহস কুলাইল না।

অপর সে যখন ঐ সুন্দরনাম্নী বাটিকাহইতে নমুনামক তলীতে টিকরাধোগমন করিল তখন আমার তাবদায়ুতে তদধোগমনবিষয়ে আমি যেমন অন্যকে দেখিয়াছি তদপেক্ষা সে অধিক ভদ্রূপে অধোগামী হইল যেহেতুক অবশেষে মঙ্গলমাত্র প্রাপ্ত হই এতদ্ব্যতিরেকে সে কেমনে নীচব্যক্তিপ্রায় দর্শাইল ইহাতে তাহার কোনো ভাবনা ছিল না। আমার বোধ হয় যে ঐ তলীর সহিত এবং তাহার সহিত কিছু সম্বর্ক ছিল যেহেতুক তাহার তাবৎ যাত্রাসময়ে সে ঐ তলীতে যেমন সুখী ছিল তদপেক্ষা আমি তাহাকে অধিক সুখী কখনো দেখি নাই।

সেই স্থানে সে শয়ন করিত এবং মৃত্তিকাকেও আলিঙ্গন করিয়া তত্তলীতে উৎপন্ন পুষ্প ইত্যাদিকে চুম্বন করিত। সেই তলীতে বাসতাবৎকাল সে প্রতিদিবস প্রত্যূষে উঠিয়া তাহাতে গমনাগমন করিত।

কিন্তু সে যখন মৃত্যুচ্ছায়া তলীর দ্বারে উপস্থিত হইল তখন আমার বোধ হইল যে আমি আত্মমনুষ্য হারাইলাম ফিরিয়া যাওনে যে তাহার বাঞ্ছা ছিল এতজ্জন্যে নয় যেহেতুক সর্ব্বসময়ে সে সেবিষয় তুচ্ছজ্ঞান করিত কিন্তু ভয়প্রযুক্ত সে ম্রিয়মাণ

প্রায় ছিল। হায় পিশাচেরা আমাকে ধরিয়া খাইবে হায় পিশাচে
রা আমাকে ধরিয়া খণ্ড২ করিবে ইহা কহিয়া সে চেঁচাইত এবং
ঐ আতঙ্ক আমি তাহার মনহইতে দূর করিতে পারিলাম না। ঐ
স্থানে সে এই মত শব্দ এবং কলরব করিতে লাগিল যে ঐ পিশাচে
রা তাহার রবমাত্র যদি শুনিতে পাইত তবে তাহারা যে অধিক
সাহসবান হইয়া আমারদের উপরে আসিয়া পড়িত এবিষয়ে
কোনো সন্দেহ ছিল না।

অপর বক্ষ্যমাণবিষয় আমি বড় মনোযোগপূর্ব্বক চাহিয়া দেখি
লাম যে আমারদের ঐ তলী হইয়া গমনসময়পূর্ব্বে বা তৎপরে
আমি যেমন তাহা বারম্বার নিঃশব্দ জানিয়াছি তদপেক্ষা তাহার
গমনসময়ে তাহা অধিক নিঃশব্দ ছিল। ইহাতে আমার বোধ
হয় যে আমারদের প্রভুহইতে ঐ শত্রুরদের প্রতি তাহার কোনো
এক বিশেষ নিষেধপত্র ছিল এবং যাবৎ ভীতনামক মহাশয় ঐ
তলী পার না হইল তাবৎ তাহাকে স্পর্শ না করে এমত এক আজ্ঞা
পত্র তাহার স্থানে ছিল।

তাহার প্রতি ঘটিত তাবদ্বিষয় কথনে বহুসময় ব্যয়পযুক্ত আ
মরা এখন কেবল অন্য দুই তিন বিষয় ব্যাখ্যা করি। সে যখন মা
য়ানামক মেলাতে উপস্থিত হইল তখন আমার বোধ হইল যে সে
মেলার তাবল্লোকেরদের সহিত বিরোধ করিবে এবং সেই স্থানস্থ
মায়ার প্রতিকূলে সে এমত ব্যগ্রচিত্ত ছিল যে আমার ভয় হইল
আমরা দুই জনে মারা পড়িব। অপর মোহভূমিতেও সে অতিশয়
জাগরণশীল ছিল কিন্তু যখন নদীতীরে সাঁকোহীন স্থানে উপস্থিত
হইল তখন সে সেস্থানে পুনর্ব্বার দুরবস্থাগ্রস্ত হইতে লাগিল। সে
স্থানে সে কহিল এইক্ষণে২ আমি চিরকালের মত ডুবিয়া মরিব
এবং যাঁহার মুখদর্শনার্থে আমি এতক্রোশপর্য্যন্ত আগমন করি
য়াছি তাঁহার মুখ কুশলপূর্ব্বক কখনো দেখিতে পাইব না।

এবং ঐ স্থানে অত্যাশ্চর্য্য এক বিষয় আমার নয়নে লাগিল

আমার তাদ্বয়সে আমি কখনো দেখি নাই এমত ঐ সময়ে সে নদীর জল অন্য সময়াপেক্ষা অত্যল্প ছিল তাহাতে সে তান্নদীতে এক হাঁটু জল প্রায় পাইয়া পার হইয়া গেল। অপর সে যখন নদীহইতে রাজধানীদ্বারে উর্দ্ধগামী হইল তখন বৃহচ্চিত্ত মহাশয় তাহার স্থানে বিদায় লইতে এবং সে যে উর্দ্ধস্থানে স্তুত পূর্ব্বক গৃহীত হয় এই বিষয়ে আশীর্ব্বাদ করণে আরম্ভ করিলেন তাহাতে সে কহিল আমি ভদ্রূপে গৃহীত হইব ভদ্রূপে গৃহীত হইব। পরে আমরা বিদায় হইয়া স্থানান্তর হওয়াতে আমি তাহাকে আর দেখিলাম না।

অপর সত্যবাদী কহিলেন যে তবে শেষে তাহার মঙ্গল হইয়াছিল বোধ হয়।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন হাঁং তাহার বিষয়ে আমার কখনো সন্দেহ ছিল না সে অতিসচ্চিত্ত লোক ছিল মাত্র আপনাকে সর্ব্বদা অতিক্ষীণরূপ রক্ষণপ্রযুক্ত তাহার জীবধারণ আপনার প্রতি কথিতরূপ ভারবৎ এবং অন্যের প্রতিও তদ্রূপ অতিশয় ব্যামোহদায়ক ছিল। সে অন্য অনেকাপেক্ষা পাপপ্রাতিকূল্যেতে অতিনম্রান্তঃকরণ ছিল এবং অন্যের হিংসা করণবিষয়ে এতদ্রূপ ভীত ছিল যে সে অন্যের বাধক না হয় এতদর্থে কর্ত্তব্যবিষয়ে আপনাকে বারম্বার নিষেধ করিত।

অপর সত্যবাদী জিজ্ঞাসিলেন যে কথিতরূপ ভদ্রমনুষ্য আত্ম সর্ব্বায়ু ব্যাপিয়া যে অন্ধকারে তদ্রূপে থাকে ইহার কারণ কি।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত প্রত্যুত্তর করিলেন যে তদ্বিষয়ে দ্বিবিধ কারণ আছে তাহার এক কারণ কহি তদ্রূপ যে হয় ইহা সর্ব্বজ্ঞানি ঈশ্বরের ইচ্ছা কাহারোং বংশি বাদ্য করণোপযুক্ত কাহারোং বিলাপ করণোপযুক্ত। ঐ ভীরু নামে মহাশয় ঘোরগভীরধ্বনি পূর্ব্বক বাদ্য করিত। সে এবং তাহার সহায়েরা অন্য বাদ্যাপেক্ষায় অতিঘোরগভীর স্বরযুক্ত বীণাতে বাদ্য করিত কিন্তু ইহা নি

শ্চয় কেহ২ কহে যে গভীরসুর বাদ্যের মূল। এবং আমার বিষয়ে আমি কহিতে গেলে চিত্তের গাম্ভীর্য্যেতে যে ধর্ম্মাবলম্বন আরম্ভ না হয় তদ্ব্যতিরেকে অন্য কোনো ধর্ম্মাবলম্বনবিষয়ে আমি বাঞ্ছিত নই। বাদ্যকর বাদ্যের সুর সুশ্রাব্য করিতে গেলে সে প্রায় সর্ব্বদা গভীরসুরযুক্ত রজ্জুতে বাদ্য করে এবং ঈশ্বর যখন আপনার নিমিত্তে মনুষ্যের চিত্ত সম্বর করেন তখন তিনি গম্ভীরসুরযুক্ত রজ্জুতে প্রথমতঃ বাদ্য করেন। ভীরুনামক মহাশয়ের এই এক দোষমাত্র ছিল যে তাহার শেষাবস্থা যাবৎ উপস্থিত না হইল তাবৎ সে প্রায় অন্য কোনো স্বরে বাদ্য করিতে পারিত না।

যুবা পাঠকেরদের জ্ঞানবর্দ্ধনার্থে আমি কথিতরূপে দৃষ্টান্তপূর্ব্বক কথা কহিয়াছি এবং প্রকাশিতনামকগ্রন্থে ত্রাণপ্রাপ্তেরা শানাইতে এবং বীণাতে সিংহাসনসম্মুখে স্বস্বগীতগায়ক বাদ্যকরসমূহের সদৃশ উপমেয় আছে এতজ্জন্য।

অপর সত্যবাদী কহিলেন তাহার বিষয়ে আপনি যেং নির্ণয় করিয়াছেন তদ্দ্বারা আমি জানিতে পাই যে সে অতিব্যগ্রচিত্ত লোক ছিল কষ্ট সিংহ মায়ানামক মেলা ইত্যাদিতে সে কোনো মতে ভীত ছিল না মাত্র পাপ মৃত্যু এবং নরক এগুলিন তাহার প্রতি ভয়ঙ্কর বোধ হইত যেহেতুক ঐ স্বর্গীয় রাজধানীপ্রাপণ বিষয়ে তাহার যৎকিঞ্চিৎ আশঙ্কা ছিল।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন আপনি যথার্থ কহিয়াছেন সে গুলিন তাহার দুঃখের বিষয় ছিল এবং আপনি যেমন ভদ্ররূপে কহিয়াছেন তেমন সে গুলিন তদ্বিষয়ে তাহার দৌর্ব্বল্যপ্রযুক্ত উৎপন্ন হইয়াছিল কিন্তু যাত্রিবেশধারণকার্য্য সিদ্ধকরণে চিত্তের দৌর্ব্বল্যপ্রযুক্ত নয়। আমি নিশ্চয় ভরসা রাখি যে উপদেশবাক্যানুযায়ি জ্বলন্তকাষ্ঠ তাহার পথাবরোধ করিলেও সে তাহা দংশন করিয়া চলিয়া যাইত কিন্তু যেং বিষয়দ্বারা সে উপক্রত

ছিল সে সকল বিষয় কোনো কেহ অনায়াসে কখনো কাড়িয়া ফেলিতে পারে নাই।

তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানী কহিল ভীত নামে মহাশয়বিষয়ক এই নির্ণয়েতে আমার অনেক মঙ্গল হইয়াছে। আমি ভাবিলাম যে আমার মত অন্য কেহ নাই কিন্তু এইক্ষণে আমি দেখি যে ঐ ভদ্রলোকের আমার সহিত যৎকিঞ্চিৎ সাদৃশ্য আছে মাত্র দুই বিষয়ে আমরা কিঞ্চিদ্ভিন্ন! তাহার উপদ্রব অতিবাহুল্যপ্রযুক্ত তাহা বহির্নির্গত হইল কিন্তু আমার আমি অন্তরে রাখিলাম। তদ্ভিন্ন তাহার উপদ্রব তদুপরি এমত ভারস্বরূপ ছিল যে সে আতিথ্যার্থে নিযুক্ত গৃহেতে আঘাত করণে অক্ষম ছিল কিন্তু আমার উপদ্রব সর্ব্বদা এমত ছিল যে আমি তাহাতে অধিক শব্দ করিয়া আঘাত করিলাম।

পরে অনুগ্রহশীলা কহিল আমিও যদি আপনার মনের কথা ভাঙ্গিয়া কহি যে তবে তাহার চিত্তসদৃশ যৎকিঞ্চিৎ আমার মধ্যেও বাস করিল। যেহেতুক অন্যোন্য দ্রব্যেতে হৃতা হওনাপেক্ষা আমি নরকসমুদ্রবিষয়ে এবং ফারিদিশে স্থানাপ্রাপণবিষয়ে সর্ব্বদা অধিক ভীতা হইয়াছি। আমি ভাবিলাম যে হায় সেই স্থানে নিবাসপ্রাপণে যদি আমার ভাগ্য হয় তবে তৎপ্রাপণার্থে যদি সর্ব্বজগৎ চ্যুতা হই সে বরঞ্চ ভাল।

পরে মাতিউ কহিল নিস্তারপ্রাপণসহবর্ত্তি যাহা ঘটে তৎপ্রাপণে আমি অতিদূর আছি এতদ্বোধ জন্মাওনে ভয় এক কারণ ছিল কিন্তু তদ্রূপ ভদ্রলোকের তদ্রূপ ঘটিয়া যদি মঙ্গল হইয়াছিল তবে আমার প্রতিও মঙ্গল না ঘটিবে কি জন্যে।

পরে য়াকুব কহিল ভয় না হইলে অনুগ্রহ নাই। নরকভয় যে স্থানে আছে সে স্থানে অনুগ্রহ সর্ব্বদা না থাকিলেও ইহা নিশ্চয় যে অনুগ্রহ যেস্থানে নাই সেস্থানে ঈশ্বরের ভয়ও নাই।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত কহিলেন হে যুক্তাকুব উত্তম কহিয়াছ তুমি যথার্থস্থানে ঘা মারিয়াছ যেহেতুক ঈশ্বরের ভয় জ্ঞানের আরম্ভ এবং এই বিষয় সত্য যে যাহারা আরম্ভহীন তাহারদের মধ্যাংশ নাই এবং অন্তাংশও নাই। কিন্তু সে যাহা হউক ভীরুনামকমহাশয়ের বিদায়শ্লোকদ্বয় প্রেরণ করিলে এস্থানে আমরা আপনারদের কথোপকথন সমাপ্ত করি।

ভীরুনামক মহাশয়ের বিদায়শ্লোকদ্বয়।

ভীরু নামে আপনি যাবৎ মহাশয়।
ঈশ্বরে আরো এখানে বসতি সময়॥
ভ্রান্তিকর কোনো কিছু করণে তোমার।
ভীত ছিলা তুমি তাবৎ মঙ্গল তোমার॥ ১॥

এবং নরকসাগরে আরো এই খাতে।
আপনি কি ভীত ছিলা এরূপ অন্যেতে॥
হউক যেহেতুক যারা তব জ্ঞানহীন।
তারা আপনারদিগের করে মুক্তিহীন॥ ২॥

---

১ নবমাধ্যায়।

স্বেচ্ছানুচারিমহাশয়ের চরিত্রবিবরণ।

অপর আমি দেখিলাম যে তাহারা সকলে স্বস্বকথোপকথন আরম্ভ করিয়া চলিল। যেহেতুক বৃহচ্চিত্তমহাশয় ভীরুমহাশয়ের বৃত্তান্ত সমাপ্তি করিলে সত্যবাদিমহাশয় তাহারদের নিকটে অন্য এক ব্যক্তির বর্ণনা আরম্ভ করিলেন তাহার নাম স্বেচ্ছাচারিমহা

ছিল সে সকল বিষয় কোনো কেহ অনায়াসে কখনো কাড়িয়া কেলিতে পারে নাই।

তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানী কহিল ভীত নামে মহাশয়বিষয়ক এই নির্ণয়েতে আমার অনেক মঙ্গল হইয়াছে। আমি ভাবিলাম যে আমার মত অন্য কেহ নাই কিন্তু এইক্ষণে আমি দেখি যে ঐ ভদ্রলোকের আমার সহিত যৎকিঞ্চিৎ সাদৃশ্য আছে মাত্র দুই বিষয়ে আমরা কিঞ্চিদ্ভিন্ন! তাহার উপদ্রব অতিবাহুল্যপ্রযুক্ত তাহা বহির্নির্গত হইল কিন্তু আমার আমি অন্তরে রাখিলাম। তদ্ভিন্ন তাহার উপদ্রব তদুপরি এমত ভারস্বরূপ ছিল যে সে আতিথ্যার্থে নিযুক্ত গৃহেতে আঘাত করণে অক্ষম ছিল কিন্তু আমার উপদ্রব সর্ব্বদা এমত ছিল যে আমি তাহাতে অধিক শব্দ করিয়া আঘাত করিলাম।

পরে অনুগ্রহশীলা কহিল আমিও যদি আপনার মনের কথা ভাঙ্গিয়া কহি যে তবে তাহার চিত্তসদৃশ যৎকিঞ্চিৎ আমার মধ্যেও বাস করিল। যেহেতুক অন্যোন্য দ্রব্যেতে হৃতা হওনাপেক্ষা আমি নরকসমুদ্রবিষয়ে এবং ফারিদিশে স্থানাপ্রাপণবিষয়ে সর্ব্বদা অধিক ভীতা হইয়াছি। আমি ভাবিলাম যে হায় সেই স্থানে নিবাসপ্রাপণে যদি আমার ভাগ্য হয় তবে তৎপ্রাপণার্থে যদি সর্ব্বজগৎ চ্যুতা হই সে বরঞ্চ ভাল।

পরে মাতিউ কহিল নিস্তারপ্রাপণসহবর্ত্তি যাহা ঘটে তৎপ্রাপণে আমি অতিদূর আছি এতদ্বোধ জন্মাওনে ভয় এক কারণ ছিল কিন্তু তদ্রূপ ভদ্রলোকের তদ্রূপ ঘটিয়া যদি মঙ্গল হইয়াছিল তবে আমার প্রতিও মঙ্গল না ঘটিবে কি জন্যে।

পরে য়াকুব কহিল ভয় না হইলে অনুগ্রহ নাই। নরকভয় যে স্থানে আছে সে স্থানে অনুগ্রহ সর্ব্বদা না থাকিলেও ইহা নিশ্চয় যে অনুগ্রহ যেস্থানে নাই সেস্থানে ঈশ্বরের ভয়ও নাই।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত কহিলেন হে রত্নাকুর উত্তম কহিয়াছ তুমি যথার্থস্থানে ঘা মারিয়াছ যেহেতুক ঈশ্বরের ভয় জ্ঞানের আরম্ভ এবং এই বিষয় সত্য যে যাহারা আরম্ভহীন তাহারদের মধ্যাংশ নাই এবং অন্তাংশও নাই। কিন্তু সে যাহা হউক ভীরুনামকমহাশয়ের বিদায়শ্লোকদ্বয় প্রেরণ করিলে এস্থানে আমরা আপনারদের কথোপকথন সমাপ্ত করি।

ভীতনামক মহাশয়ের বিদায়শ্লোকদ্বয়।

ভীরু নামে আপনি যাবৎ মহাশয়।
ঈশ্বরে আরো এখানে বসতি সময়॥
ভ্রান্তিকর কোনো কিছু করণে তোমার।
ভীত ছিলা তুমি তাবৎ মঙ্গল তোমার॥ ১॥

এবং নরকসাগরে আরো এই খাতে।
আপনি কি ভীত ছিলা এরূপ অন্যেতে॥
হউক যেহেতুক যারা তব জ্ঞানহীন।
তারা আপনারদিগের করে মুক্তিহীন॥ ২॥

---

৯ নবমাধ্যায়।

স্বেচ্ছাচারিমহাশয়ের চরিত্রবিবরণ।

অপর আমি দেখিলাম যে তাহারা সকলে স্বস্বকথোপকথন আরম্ভ করিয়া চলিল। যেহেতুক বৃহচ্চিত্তমহাশয় ভীরুমহাশয়ের বৃত্তান্ত সমাপ্তি করিলে সত্যবাদিমহাশয় তাহারদের নিকটে অন্য এক ব্যক্তির বর্ণনা আরম্ভ করিলেন তাহার নাম স্বেচ্ছাচারিমহা

শয়। ঐ ব্যক্তি স্বয়ং যাত্রিক এই ছল করিল ইহা সত্যবাদি মহাশয় কহিয়াছিলেন কিন্তু আমি নিশ্চয় জানি যে এই পথের অগ্রস্থিতদ্বার হইয়া সে কখনো আইসে নাই।

তাহাতে বৃহচ্চিত্তমহাশয় জিজ্ঞাসিলেন তাহার সহিত তদ্বিষয়ে আপনকার কোনো কথা কখনো হইয়াছিল।

সত্যবাদিমহাশয় কহিলেন হাঁ একবার দুইবারাধিক হইয়াছিল কিন্তু সে সর্ব্বদা আত্মবৎ স্বেচ্ছাচারী ছিল। মনুষ্যবিষয়ে বা যুক্তিবিষয়ে বা অন্যের আচারবিষয়ে সে মনোযোগ দিল না তাহার মনে যাহা লইত তাহাই সে করিত এবং অন্য কিছু কোনো কেহ তাহাকে করাইতে পারিত না।

অপর বৃহচ্চিত্তমহাশয় জিজ্ঞাসিলেন সে কোন মতাবলম্বী ছিল কহুন দেখি যেহেতুক আমি বুঝি আপনি কহিতে পারেন।

তাহাতে সত্যবাদী কহিলেন মনুষ্য যাত্রিরদের গুণাগুণ এই উভয়াবলম্বন করিতে পারে এতন্মতাবলম্বী সে ছিল এবং উভয় করিলে সে কহিত আমি নিশ্চয় পরিত্রাণ পাইব।

বৃহচ্চিত্ত কহিলেন তাহা কেমন করিয়া হইতে পারে সে যদি কহিল যে যাত্রিরদের গুণাবলম্বনে উত্তমব্যক্তিরদের যদ্রূপ সাধ্য তদ্রূপ তাহারদের দোষাবলম্বনেও সাধ্য তবে তাহার বড় একটা দোষ দেওয়া যায় না। যেহেতুক চৌকি না দিলে এবং উদ্যোগ না করিলে আমরা নিশ্চয় কোনো দোষহইতে মুক্ত হইতে পারি না কিন্তু আমি বুঝি তোমার এমন অর্থ নয় এবং আমি যদি তোমার বাক্য ভালরূপে বুঝি তবে সাধ্য তাহার অর্থ না হইয়া যোগ্য তাহার অর্থ সে এতন্মতাবলম্বী ছিল।

বৃহচ্চিত্ত কহিলেন হাঁ২ তাহাই আমার অর্থ এবং সেও তদ্রূপ প্রত্যয় এবং তদ্রূপাচরণ করিত।

পরে বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন কিন্তু ঐ রূপে বাক্য কথনে তাঁহার কি প্রমাণ ছিল।

সত্যবাদিমহাশয় কহিলেন যে সে কহিল ধর্ম্মপুস্তকই আমার প্রমাণ।

বৃহচ্চিত্ত কহিলেন হে সত্যবাদিমহাশয় নিবেদন করি আমার দিগ্‌কে কিঞ্চিৎ বিস্তার করিয়া কহুন।

সত্যবাদী কহিলেন আমি কহিব। সে কহিত যে পরদারগামিত্ব ঈশ্বরপ্রিয়তম দাউদকর্ত্তৃক ব্যবহার্য্য ছিল অতএব আমিও তদ্রূপ করিতে পারি। সে কহিত যে এক ভার্য্যাভিন্ন বহুভার্য্যা গ্রহণে শলমনের ব্যবহার ছিল অতএব আমিও তদ্রূপ করিতে পারি। সে কহিল যে শারাহ্ এবং ধর্ম্মাচারিণী মিসর দেশীয় ধাত্রীরা এবং রাখাব মিথ্যাবাদিনী ছিল অতএব আমিও তদ্রূপ মিথ্যা কথা কহিতে পারি। সে কহিত যে খ্রীষ্টের শিষ্য আপনারদের প্রভুর আজ্ঞায় যাইয়া পরের গর্দ্দভ হরণ করিয়াছিল অতএব আমিও তদ্রূপ করিতে পারি। সে কহিত যে য়আকুব আত্মপিত্রধিকার ছল এবং প্রতারণাপূর্ব্বক প্রাপ্ত হইয়াছিল অতএব আমিও করিতে পারি।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত কহিলেন এরূপ যদি হয় তবে সে অতি দুষ্ট ইহা নিশ্চয়। এবং সে যে তন্মতাবলম্বী ছিল ইহা কি তুমি নিশ্চয় জান।

সত্যবাদিমহাশয় কহিলেন তদ্বিষয়ে আপন বাক্যের যাথার্থ্যের প্রমাণার্থে সে যে ধর্ম্মপুস্তক এবং অন্যং গ্রন্থ ইত্যাদিহইতে দৃষ্টান্ত দিত ইহা আমি তাহার প্রমুখাৎ শুনিয়াছি।

তাহাতে বৃহচ্চিত্তমহাশয় কহিলেন যে তদ্রূপ মত জগতে থাকা অনুচিত।

পরে সত্যবাদিমহাশয় কহিলেন আমার বাক্য যথার্থরূপে তোমার গ্রহণ করা উচিত। কোনো মনুষ্যের ইচ্ছা হইলে সে যে

তদ্রূপ করিতে পারে ইহা সে কহে নাই কিন্তু তদ্রূপকার্য্যকারির দের গুণধারিরাও তদ্রূপ কার্য্য করিতে পারে।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত কহিলেন তাহার অর্থ তদ্রূপ যদি হয় তবে তদপেক্ষায় অধিক মিথ্যা কি। যেহেতুক কহিতে গেলে তাহা বক্ষ্যমাণ বাক্যের তুল্য হয় যে ভদ্রলোক ইহার পূর্ব্বে দৌর্ব্বল্যপ্রযুক্ত পাপকরণহেতুক সেও গর্ব্বপূর্ব্বক পাপ করণে অনুমতি পাইয়াছে কিম্বা কোনো বালক বায়ুবেগেতে বা প্রস্তরে উছোট খাওনেতে পতিত হইয়া কর্দ্দমলিপ্ত হইয়াছে এতৎপ্রযুক্ত সেও স্বেচ্ছাপূর্ব্বক শূকরের ন্যায় কর্দ্দমেতে গড়াগড়ি দিতে পারে। কামের বলেতে কোনো কেহ যে এতদ্রূপ অন্ধীভূত হইতে পারে ইহা কে ভাবিবে। কিন্তু যাহা লিখিত আছে তাহা নিশ্চয় সত্য বিশেষতঃ তাহারা অমানক হইয়া বাক্যে উছোট খায় এবং ভবিষয়েও তাহারা নিযুক্ত হইয়াছে।

ভদ্রলোকের দোষব্যবসায়িরা যে ভদ্রলোকের গুণব্যবসায়ী হয় ইহা সে যে ভাবে তাহাও অন্য ভ্রমসদৃশ ভ্রম। কুক্কুর যদি কহে আমি বালকের বিষ্ঠা খাওনেতে বালকের গুণধারণ করি তাহা তদ্বৎ। ঈশ্বরের লোকেরদের অপরাধের দোষভোজন ঈশ্বরীয় লোকেরদের গুণধারিব্যক্তির লক্ষণ নয়। এবং ইহাতেও আমার প্রত্যয় হয় না যে তন্মতাচারিলোক এইক্ষণে ঈশ্বরেতে প্রত্যয় করিতে বা স্নেহ রাখিতে পারে। কিন্তু আমি অবগত আছি যে তাহার প্রতিকূলে আপনি অনেক দৃঢ়প্রমাণ দিয়াছেন। সে আপনার বিষয়ে কি কহিতে পারে কহুন দেখি।

তাহাতে সত্যবাদী কহিলেন কহি সে কহে যে কোনো মতের প্রতিকূল হইয়া তন্মতানুসারে ব্যবহার করণাপেক্ষা স্বেচ্ছানুযায়ি করণ অতিযথার্থ এমত আমার বোধ হয়।

বৃহচ্চিত্ত কহিলেন যে ঐ উত্তর অতিশয় অযথার্থ যেহেতুক আত্মেন্দ্রিয় স্ববশে রক্ষণমত প্রতিকূল হইয়া তদ্বন্ধন মোচন করা

মন্দ তথাপি পাপ করা এবং তদ্বিষয়ে অনুমতি প্রার্থনা করা অধিক মন্দ তাহার মধ্যে দর্শনকারিরা এক বিষয়দ্বারা দৈবাৎ উছোট খায় কিন্তু অন্য বিষয়দ্বারা তাহারা একেবারে ফাঁদে পড়ে ইহা নিশ্চয় জানিবেন।

সত্যবাদী কহিলেন এই মনুষ্যের চিত্ত বিশিষ্ট অথচ তাহার মুখ বিশিষ্ট নয় এমত অনেক লোক আছে। তাহাতে এইকালে যাত্রায় অগ্রসর হওন এমত অল্পগণ্য হয়।

বৃহচ্চিত্ত কহিলেন আপনি যথার্থ কহিয়াছেন এবং তাহা অতিদুঃখের বিষয় কিন্তু যে লোক ফারিদিশের রাজাকে মানে সে এ সমস্তহইতে নির্গমন করিবে।

অপর খ্রীষ্টীয়ানী কহিল জগতের মধ্যে অত্যাশ্চর্য্য ভিন্নং মত আছে। মরণকালোপস্থিত হইলে পরামনন করা প্রচুর এতদ্বা ক্যবাদি এক জনকে আমি জানি।

বৃহচ্চিত্ত কহিলেন তদ্রূপ লোক অতিরিক্ত জ্ঞানী নয় তাবদ্বয় সে দশক্রোশ গমনার্থে সে লোককে যদি সাত দিবস দেওয়া যাইত তবে ঐ সাত দিবসের শেষঘণ্টাপর্য্যন্ত গৌণ করণে সে অত্যনিচ্ছুক হইত।

সত্যবাদী কহিলেন আপনি যথার্থ কহিয়াছেন তথাপি আপনারদিগকে যাত্রিক বলিয়া কহে এমত প্রায় সকলে তদ্রূপ করে। আপনি যেমন দেখিতেছেন তেমন আমি এইক্ষণে প্রাচীন মনুষ্য হইয়াছি এবং এই পথে অনেক দিবসাবধি গমনাগমন করিয়াছি তাহাতে আমি অনেকবিষয় অবগত আছি। বিশেষতঃ

তাবজ্জগৎস্থ লোককে আপন অগ্রেং চালিয়া লইয়া যায় এমত চিত্তবিশিষ্টলোকেরদিগকে যাত্রায় অগ্রসর হওনে আমি দেখিয়াছি

কিন্তু অরণ্যেতে মৃতলোকেরদের মত তাহারা অল্পদিবসের মধ্যে ম্লান হইয়া পঞ্চত্ব পাইয়া অঙ্গীকৃত ভূমির দর্শন পায় নাই।

যাত্রায় প্রথম অগ্রসর হওনকালে কিছুই গুণ দর্শাইলনা এবং দর্শনে এক দিবস বাঁচিবে না এমত বোধ হয় এমত কোনোং যাত্রিরদিগকে আমি দেখিয়াছি কিন্তু পরেতে তাহারা অতিভদ্র যাত্রিক হইরিয়াছে।

অপরঞ্চ অগ্রসর হইয়া অতিদ্রুতগামি অনেককে আমি দেখিয়াছি কিন্তু কিঞ্চিৎপরে অগ্রসর হওনে তাহারা যেমন দ্রুতগামী ছিল পশ্চাদ্গমনে তদ্রূপ দ্রুতগামী হইয়াছে।

অপর প্রথমেতে যাত্রিবেশধারণবিষয়ে অতিসুবাক্যবাদি অনেককে আমি দেখিয়াছি কিন্তু কিঞ্চিৎপরে তাহারা তৎপ্রতিকূলে তদ্রূপ মন্দ কহিয়াছে।

অপর ফারিদিশ প্রাপণার্থে প্রথম অগ্রসরসময়ে ঐরূপ স্থান নিশ্চয় আছে এই বাক্যবাদি অনেককেও দেখিয়াছি কিন্তু সেই লোকেরা সেই স্থানে পহুঁছনে কিঞ্চিৎ পথ অবশেষ থাকিতে ফিরিয়া আসিয়া কহিয়াছে যে তদ্রূপ স্থান নাই।

অপর শত্রুর সহিত মিলিলে আমরা কিরূপ ঘোরতরযুদ্ধ করিব এ বিষয়ে গপ্প করণে আমি অনেককে দেখিয়াছি কিন্তু ঐ ব্যক্তিরা বৃথা ভয় পাইয়া স্বস্বপ্রত্যয় এবং যাত্রিরবেশধারণ ছাড়িয়া পলায়ন করিয়াছে।

---

১০ দশমাধ্যায়।

গায়স্নামক সরাইকর্ত্তার গৃহে যাত্রিরদিগের পহুঁছন এবং অতিথি হওন বিবরণ।

অপর কথিত রীতিক্রমে তাহারা যাত্রায় অগ্রসর হইতেছিল

ইতিমধ্যে এক ব্যক্তি দৌড়িয়া তাহারদের সহিত সাক্ষাৎ করিতে আসিয়া কহিল হে মহাশয়েরা এবং হে স্ত্রীলোক প্রভৃতিরা তোমরা যদি আপনারদের প্রাণ ভাল বাস তবে আপনারদের রক্ষার্থে উপায় কর কেননা ডাকাইতেরা অগ্রবর্ত্তি পথেতে আছে।

তাহাতে বৃহচ্চিত্তমহাশয় কহিলেন পূর্ব্বে অল্পবিশ্বাসির উপরে যে তিন জন ডাকাইত পড়িয়াছিল তাহারা ঐ লোক। প্রথম ভাগের ১৭৭ পৃষ্ঠ পাঠ করিয়া দেখুন। ঐ কথা কহিয়া বৃহচ্চিত্ত কহিলেন ভাল আমরা তাহারদের জন্যে প্রস্তুত আছি। এতদ্রূপে অগ্রগামী হইয়া প্রাপ্ত প্রত্যেক উপপথে এবং কোণে তাহারা উঁকি মারিয়া দেখিতে লাগিল যে কখন ডাকাইতের সহিত দেখা হয় কিন্তু ঐ ডাকাইতেরা বৃহচ্চিত্তমহাশয়ের বিষয় শুনিয়াছিল কি না বা অন্য কোনো চৌর্য্যকার্য্যে নিবিষ্ট ছিল কি না ইহা আমি অবগত নই কিন্তু তাহারা যাত্রিরদের নিকটে আইল না।

অপর খ্রীষ্টীয়ানী আপনার এবং আপনার সন্ততির পরিশ্রম নিবৃত্ত্যর্থে কোনো এক সরাই প্রাপণে বাঞ্ছা করিয়াছিল যেহেতুক তাহারা শ্রান্ত ছিল। তাহাতে সত্যবাদিমহাশয় কহিলেন যে গায়স্ নামে এক অতিসম্ভ্রান্তশিষ্যের বাসস্থানে কিঞ্চিদগ্রে এক সরাই আছে। তাহাতে তাহারা সকলেই পরামর্শ করিল যে আমরা সে স্থানে যাইব অধিকন্তু ঐ বৃদ্ধমহাশয় সেই স্থানের অতিসুসম্বাদ দেওনপ্রযুক্ত। অপর দ্বারে উপস্থিত হইয়া আঘাত না করিয়া তাহারা একেবারে প্রবিষ্ট হইল যেহেতুক সরাইর দ্বারে আঘাত করণ ব্যবহার ছিল না। পরে তাহারা গৃহের কর্ত্তাকে ডাকাওনেতে সে উপস্থিত হইল এবং তাহারা জিজ্ঞাসিল আমরা অদ্যরাত্রি এস্থানে প্রবাস করিতে পারি কি না।

তাহাতে গায়স্ কহিল হাঁ মহাশয়েরা আপনারা যদি সত্যবাদি মনুষ্য হন তবে পারেন যেহেতুক যাত্রিকবিনা আমার ঘরে অন্য কেহ প্রবাস করিতে পারে না। তাহা শুনিয়া খ্রীষ্টীয়ানী

এবং অনুগ্রহশীলা এবং বালকেরা অধিক আহ্লাদযুক্ত হইল যেহেতুক ঐ সরাইর কর্ত্তা যাত্রিপ্রিয় ছিল। পরে তাহারা শয়ন শালা যাচ্ঞা করিল তাহাতে সে খ্রীষ্টীয়ানীর এবং তাহার সন্ততির এবং অনুগ্রহশীলার নিমিত্তে এক শালা এবং বৃহচ্চিত্তের এবং বৃদ্ধমহাশয়ের নিমিত্তে অন্য এক শালা দেখাইয়া দিল।

অপর বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন হে ভদ্রগায়স্ রাত্রিভোজনার্থে তোমার কি আছে যেহেতুক এই যাত্রিরা অদ্য অনেক পথ আইসনেতে শ্রান্ত আছে।

তাহাতে গায়স্ কহিল অনেক রাত্রি হইয়াছে তাহাতে আমরা অন্নের চেষ্টায় স্বচ্ছন্দপূর্ব্বক বাহিরে যাইতে পারি না কিন্তু ঘরে যাহা আছে তাহাতে যদি আপনারা সন্তুষ্ট হন তবে পাইতে পারিবেন।

বৃহচ্চিত্ত কহিলেন তোমার ঘরে যাহা আছে তাহাতেই আমরা সন্তুষ্ট হইব যেহেতুক আমি পরীক্ষা করিয়া দেখিয়াছি যে প্রয়োজনীয় দ্রব্য রহিত তুমি কখনো নহ।

পরে সে গৃহাধোগমন করিয়া যাত্রিদের নিমিত্তে ভোজ প্রস্তুত করণে ভদ্রাস্বাদক নামে পাচককে আজ্ঞা দিল। তদনন্তর সে উপরে আসিয়া কহিল হে আমার বন্ধুরা আমাতে তোমারদের মঙ্গল এবং তোমারদের আতিথ্যার্থে আমার যে এক গৃহ আছে ইহাতে আমার পরমাহ্লাদ এবং ভোজ প্রস্তুত হওন সময়ে তোমারদের ইচ্ছা হইলে আমরা পরস্পর উপকারক কথোপকথনারম্ভ করি তাহাতে তাহারা সকলে সম্মত হইল।

অপর গায়স্ জিজ্ঞাসিল এই বৃদ্ধা স্ত্রী কাহার ভার্য্যা এবং এই যুবতী স্ত্রী কাহার কন্যা।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন এই স্ত্রী খ্রীষ্টীয়াননামক পূর্ব্বকালীয় এক যাত্রির ভার্য্যা এবং এগুলিন তাহার চারি সন্ততি এবং এই কন্যা তাহার এক পরিচিতা আপনার সঙ্গে আইসনে সে তা

হাকে পরামৃষ্টা করাইয়াছিল। এই বালক গুলিন্ আপনারদের পিতার অনুগামি হওনোচিত দর্শায় এবং তাহার পাদবিক্ষেপে বাঞ্ছা করে অধিক কি কহিব ঐ পুরাতন যাত্রিক যে স্থানে শয়ন করিয়াছিল এই মত স্থান বা তাহার কোনো পদচিহ্নমাত্র যদি দেখে তবে তাহারদের অন্তঃকরণ অতিশয় আহ্লাদযুক্ত হয় এবং তাহার তৎশয়নস্থানে শয়নে এবং তৎপদচিহ্নে গমনে বাঞ্ছা করে।

পরে গায়স্ কহিল ইনি কি খ্রীষ্টীয়ানের ভার্য্যা এবং এগুলিন কি খ্রীষ্টীয়ানের সন্ততি আমি তোমার স্বামির পিতাকে এবং পিতামহকে অবগত ছিলাম। তাহার গোত্রজ অনেকে ভদ্র হইয়াছে তাহারদের প্রপিতামহ প্রথমে আন্তিয়োক নাম নগরে বাস করিত। খ্রীষ্টীয়ানের প্রপিতামহ সমস্ত অতিশিষ্টলোক ছিল এবং আমার জ্ঞানে লয় তাহারদের বিষয়ে কথোপকথন কালে তুমি আপনার স্বামিকে অনেক বার জানিয়া থাকিবা। আমার পরিচিত লোকের মধ্যে যাত্রিরদের প্রভুর কার্য্যে এবং তাঁহার পথের বিষয়ে এবং তাঁহার স্নেহকারিরদের বিষয়ে তাহারা অন্য লোকাপেক্ষা আপনারদিগকে বহুসাধু এবং সাহসবান্ লোক দর্শাইয়াছে। সত্যতার নিমিত্তে সর্ব্বপ্রকার পরীক্ষা সহ্য করিয়াছে তোমার স্বামির এমত অনেক জ্ঞাতিবিষয়ে আমি শুনিয়াছি। তোমার স্বামির বংশেতে প্রথমোৎপন্ন স্তেফানস্ নামক ব্যক্তি প্রস্তরদ্বারা হত হইয়াছিল এবং য়াকুব নামে তদ্বংশীয় আর এক জন তলোবারের ধারেতে হত হইয়াছিল তদ্ভিন্ন তোমার স্বামিবংশোৎপন্ন পূর্ব্বকালীন পাউলের এবং পিতরের বিষয় কথনে কোনো প্রয়োজন নাই তাহা ছাড়া ইগ্নাতীয়স্ নামে এক জন ছিল সে সিংহের মুখে প্রক্ষিপ্ত হইয়াছিল পরে রোমানস্ নামে এক জন ছিল তাহার গাত্রমাংস তাহার অস্থি হইতে খণ্ডং পূর্ব্বক ছিন্ন হইয়াছিল এবং পলিকার্প নামে এক জন ছিল সে অগ্নিমধ্যে আত্মমনুষ্যত্ব দর্শাইয়া

ছিল। তদ্ভিন্ন কীটদ্বারা ভক্ষিত হওনার্থে টুকরিতে পূরিয়া সূর্য্যেতে লুণ্ঠমানরূপে রাখা গিয়াছিল এমত এক জন ছিল এবং ডুবাইয়া মারণের জন্যে ছালাতে পূরিয়া সমুদ্রে ক্ষেপণ করিল এমত এক জন ছিল। অপর যাত্রিবেশধারণে প্রিয়প্রযুক্ত দুঃখ কষ্ট হিংসা মৃত্যু ইত্যাদি সহ্যকারি এতদ্বংশীয় লোকেরদের সংখ্যা করা দুঃসাধ্য এবং তোমার স্বামী যে এই মত অত্যুত্তম বালক চতুষ্টয় রাখিয়া গিয়াছে ইহা দর্শনে আমার কি বা আহ্লাদ না জন্মিয়াছে। আমার বাঞ্ছা আছে যে তাহারা আপনারদের পিতার নাম রক্ষা করে এবং তাহার পাদবিক্ষেপে চলে এবং তাহার অন্ত পায়।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন হে মহাশয় সত্য তাহারা তদ্রূপ অনুমেয় বালক এবং তাহারদের পিতার পথগমনে অতিশয় বাঞ্ছা দর্শায় বোধ হয়।

পরে গায়স্ কহিল যে তাহাই আমি কহিয়াছিলাম অতএব খ্রীষ্টীয়ান বংশীয়েরা যে তাবৎপৃথিবী ব্যাপে এবং সংসারে বহুপুত্র হয় ইহার বহুচিহ্ন দর্শাইতেছে তদ্ধেতুক আপন পিতৃনাম এবং আপন প্রপিতামহ বংশের নাম এই জগতে বিস্মৃত না হয় এতদর্থে খ্রীষ্টীয়ানী আপনার পুত্রেরদের বিবাহার্থে কতগুলিন কন্যা চেষ্টা করুক।

তাহাতে সত্যবাদিমহাশয় কহিলেন তাহার বংশ পতিত হইয়া যে লোপ পায় এ বড় দুঃখের বিষয়।

তাহা শুনিয়া গায়স্ কহিল সেই বংশ যে পতিত হয় ইহা অসাধ্য কিন্তু ন্যূন হইতে পারে কিন্তু খ্রীষ্টীয়ানী আমার পরামর্শ গ্রহণ করুক তাহাতে তাহার বংশের রক্ষা হইবে।

তাহা ছাড়াও ঐ সরাইর কর্ত্তা কহিল হে খ্রীষ্টীয়ানি অনুগ্রহশীলা নামে তোমার সখীকে এবং তোমাকে অতিশয় প্রেমকা

রিণী যুগ্মারূপে এই স্থানে দর্শনে আমি অত্যাহ্লাদযুক্ত আছি। এবং আমার পরামর্শ যদি গ্রাহ্য হয় তবে কহি অনুগ্রহশীলাকে অধিক নৈকট্যসম্পর্কে গ্রহণ কর এবং তাহার ইচ্ছা হইলে সে মাতিউ নামে তোমার জ্যেষ্ঠ পুত্রকে দত্তা হউক এতদ্রূপে তোমারদের বংশ পৃথিবীতে বর্দ্ধিত হইবে। তাহাতে ঐ সম্বন্ধ স্থিরীকৃত হইল এবং কিঞ্চিৎপরে তাহারদের বিবাহ হইল কিন্তু পরে এ বিষয়ের অধিক ব্যাখ্যা করা যাইবে।

পরে গায়স্ আরো কথোপকথন আরম্ভ করিয়া কহিল আমি এইক্ষণে স্ত্রী লোকেরদের অপরাধ মোচনার্থে তাহারদের পক্ষ হইয়া কথা কহিব বিশেষতঃ মৃত্যু এবং তৎপথ স্ত্রীদ্বারা যেমন এই পৃথিবীতে উপস্থিত হইয়া ছিল তেমন তদ্দ্বারা জীবন এবং স্বাস্থ্য ও উপস্থিত হইল ঈশ্বর স্ত্রীতে কৃত আপন পুত্রকে প্রেরণ করিলেন। আরো কহি প্রথম স্ত্রীর পরে উৎপন্না তাবৎ স্ত্রীরা স্বমাতৃর দোষ যে প্রকার তুচ্ছ করিল তদ্দর্শনার্থে ধর্ম্মপুস্তকের আদি ভাগেতে কথিত স্ত্রীরা যদ্যপি ভাগ্যক্রমে এই স্ত্রী বা অমুক স্ত্রী জগত্রাতার মাতা হইতে পারে এই আশয়ে সন্তান বাঞ্ছা করিল এবং যখন জগতের ত্রাতা এই জগতে উপস্থিত হইলেন তখন পুরুষাপেক্ষা বা দূতাপেক্ষা স্ত্রীলোকেরা অধিক আহ্লাদিতা ছিল। খ্রীষ্ট যখন এই জগতে ছিলেন তখন পুরুষ যে তাহাকে এক পয়সা কখন দিয়াছিল ইহা আমি পাঠ করি নাই কিন্তু স্ত্রীলোকেরা তদনুগামিনী হইয়া স্বস্বসংস্থানদ্বারা তাঁহার সেবা করিল। স্ত্রীরা অশ্রুদ্বারা তাঁহার পাদপ্রক্ষালণ করিয়াছিল এবং মৃৎপ্রাপণ বিষয়ে স্ত্রীরা তাঁহার গাত্র তৈলদ্বারা অভিষেক করিয়াছিল। হতা হওনার্থে ক্রুশে তাঁহার গমনসময়ে স্ত্রীরা ক্রন্দন করিয়া ছিল এবং ক্রুশহইতে আগমনসময়ে স্ত্রীরা তাঁহার অনুগামিনী হইয়াছিল এবং মৃৎপ্রাপণ সময়ে স্ত্রীরা তাঁহার কবরসমীপে প্রথম উপস্থিতা ছিল। অপর তাঁহার পুনরুত্থান প্রভাতে স্ত্রীরা তাঁহার

সহিত প্রথমে মিলিয়াছিল এবং তিনি যে মৃত্যুহইতে পুনরুত্থিত হইয়াছিলেন এতৎসম্বাদ স্ত্রীরা প্রথমে তাঁহার শিষ্যের নিকটে আনিয়াছিল অতএব স্ত্রীলোকেরা বহু অনুগ্রহের পাত্র এবং কথিত কারণপ্রযুক্ত আমরা জানি যে স্ত্রীরাও জীবনপ্রাপণানুগ্রহ বিষয়ে আমারদের সহভাগিনী হইবে।

অপর পাচক উপরে সমাচার দিয়া পাঠাইল যে ভোজ প্রায় প্রস্তুত হইয়াছে এবং ভোজমঞ্চ পাত্র ইত্যাদি নিরূপণার্থে এক লোক উপরে পাঠাইয়া দিল।

তাহা দেখিয়া মাতিউ নামে বালক কহিল যে ভোজ মঞ্চ ইত্যাদি আয়োজন দেখিয়া পূর্ব্বাপেক্ষা আমার তাহাতে অধিক ক্ষুধা জন্মিয়াছে।

তাহা শুনিয়া গায়স্ কহিল তদ্রীতিক্রমে এই জগতে তোমার নিমিত্তে উপদিষ্ট আয়োজনস্বরূপ তাবদুপদেশ মহারাজার রাজ্যে প্রস্তুতীকৃত ভোজমঞ্চে উপবেশনার্থে তোমাতে অধিক বাঞ্ছা জন্মাউক যেহেতুক এই জগৎস্থ তাবদুপদেশ গ্রন্থ সেবন ইত্যাদি আমারদের প্রভুর গৃহে পহুঁছিলে তৎকর্ত্তৃক আমারদের জন্যে প্রস্তুতী কৃত ভোজের সহিত অনুমেয় হইলে মঞ্চ সাজানবৎ মাত্র জানিবেন।

অপর ভোজসামগ্রী ইত্যাদি ঊর্দ্ধে আনীতা হইল কিন্তু তাহারা যে ঈশ্বরের উদ্দেশে প্রার্থনাপূর্ব্বক এবং স্তুতিপূর্ব্বক ভোজ আরম্ভ করে এতৎপ্রয়োজন দর্শনার্থে উত্তোলনীয় এক স্কন্ধ এবং আন্দোলনীয় এক বক্ষঃ তাহারদের সম্মুখে মঞ্চোপরি প্রথমে স্থাপিত হইল। উত্তোলনীয় স্কন্ধের দ্বারা দাউদ নামে রাজার অন্তঃকরণ ঈশ্বরের প্রতি আকৃষ্ট হইয়াছিল এবং তদন্তঃকরণ বাসস্থান আন্দোলনীয় বক্ষোদ্বারা বীণা বাদ্য করণ সময়ে তিনি আত্ম বীণার উপরে হেলান দিয়া বাদ্য করিতেন। ঐ ভক্ষ্য দ্রব্যদ্বয় অতি

উৎকৃষ্ট এবং টাট্কা ছিল তাহাতে তাহারা পরিতোষপূর্ব্বক তাহা খাইল।

অপর এক বোতল রক্তবল্লোহিতবর্ণ দ্রাক্ষারস মঞ্চোপরি আনীত হইল। তাহা দেখিয়া গায়স্ যাত্রিরদিগকে কহিল তৃপ্তি পূর্ব্বক পান করুন যেহেতুক ঈশ্বরের এবং মনুষ্যের অন্তঃকরণ সন্তোষজনক দ্রাক্ষালতার নির্দোষরস এই তাহাতে তাহারা পান করিয়া আহ্লাদামোদ করিল।

তৎপরে উত্তম দুগ্ধপূর্ণ এক পাত্র মঞ্চেতে আনীত হইল তাহা দেখিয়া গায়স্ কহিল তদ্দ্বারা বর্দ্ধনার্থে বালকেরা তাহা পান করুক।

পরে ঐ রীতিক্রমে ক্ষীরেতে এবং মধুতে পরিপূর্ণ অন্য এক পাত্র মঞ্চোপরি উপস্থিত করা গেল। তাহা দেখিয়া গায়স্ কহিল ইহা তৃপ্তিপূর্ব্বক ভোজন কর যেহেতুক তোমারদের শান্তি এবং উদ্যোগজননার্থে এবং তোমারদের বিবেচনার এবং বুদ্ধির বল বৃদ্ধ্যর্থে ইহা অত্যুত্তম আমারদের প্রভু যখন বালক ছিলেন তখন তিনি এই আহার অধিক ভোজন করিতেন্ যথা কথিত আছে যে অশুভ অবহেলনবিষয়ে এবং ভদ্র মনোনীত করণ বিষয়ে জ্ঞানপ্রাপণার্থে তিনি ক্ষীর এবং মধু ভক্ষণ করিবেন। পরে তাহারা এক পাত্রে করিয়া শিবফল উপস্থিত করিল ঐ ফল অতিসুস্বাদু তাহা দেখিয়া মাতিউ কহিল আমরা কি শিবফল খাইতে পারি যেহেতুক তদ্দ্বারা এবং তৎকর্ত্তৃক সর্প আমারদের প্রথম মাতৃকে ভুমাইয়াছিল।

তৎপরে গায়স্ বক্ষ্যমাণ শ্লোকত্রয় গান করিল।

শিব নামে ফল সবে ভোজন করিয়া।
উন্মত্তের প্রায় আছি ভ্রান্তিযুক্ত হৈয়া॥
তথাপি সে শিবফল নয় অধর্ম্মেতে।
আমাদের মন রাখিয়াছে অশুচিতে॥ ১॥

নিষিদ্ধ সে শিবফল যে করে আহার।
তাহার শরীরে হয় রক্তের বিকার।।

আজ্ঞা অনুসারে শিবফল ভোজনেতে।
আমাদের গুণচয় করে শরীরেতে ।। ২ ।।

অতএব যুযুপক্ষিস্বরূপ সকলে।
হে প্রভুর মণ্ডলীস্থ অতিকুতুহলে।।

তাঁর ঘটহইতে পান করহ এখন।
তাঁর প্রীতে শিবফল করহ ভোজন ।। ৩ ।।

অপর মাতিউ কহিল কিঞ্চিৎকাল গতে ফলখাওনেতে পীড়িত হওনপযুক্ত আমি ঐ শিবফল খাওনে অবহেলা করিয়াছিলাম।

তাহাতে গায়স্ কহিল নিষিদ্ধ ফল তোমাতে পীড়া জন্মাইবে কিন্তু আমারদের প্রভুকর্তৃক আজ্ঞপ্ত কোনো ফল ব্যামোহদায়ক নয় ইহা অতিনিশ্চয়।

অপর তাহারা কথিতরূপে কথোপকথন করিতে ছিল ইতিমধ্যে বাদামেতে পূর্ণ আর এক পাত্র তাহারদের সম্মুখে উপস্থিত করা গেল। তাহাতে মঞ্চসমীপোপবিষ্ট এক জন কহিল বাদাম সূক্ষ্মদন্তের বিশেষতঃ বালকেরদের দন্তের ব্যামোহ জন্মায় তাহা শুনিয়া গায়স্ বক্ষ্যমাণ শ্লোকদ্বয় উচ্চারিন করিল।

খাদকহইতে নিজ শাঁস রক্ষাকারী।
খোসাযুক্ত বাদাম প্রমাণ হয় তারি।।

নিগূঢ়তত্ত্বস্বরূপ জানিবা সকলে।
কিন্তু ভ্রমজনক না হয় কোনো কালে ।। ১ ।।

অতএব খোসা তার খুলিয়া ফেলিবে।
তবে সকলেতে তার শাঁস প্রাপ্ত হবে॥
এই সে বাদাম ফল আনীত এখানে।
তোমাদের ভক্ষনার্থ ভোজন কারণে॥ ২॥

তাহাতে তাহারা অতিশয় আহ্লাদামোদযুক্ত হইয়া বহুবিষয়ে কথোপকথন করত বহুকাল মঞ্চসমীপে বসিয়া রহিল। তাহা দেখিয়া বৃদ্ধসত্যবাদিমহাশয় কহিলেন হে ভদ্রগৃহকর্ত্তা আপনারদের এই স্থানে বসিয়া আপনকার বাদাম ভক্ষনসময়ে আপনি বক্ষ্যমাণ প্রহেলিকার অর্থ করুন দেখি।

সত্যবাদিবৃদ্ধকর্ত্তৃক কথিত হেয়ালি।

অনেকে বাতুল বল্যে ডাকিবে তাহারে।
এই মত এক লোক ছিল এ সংসারে॥
সে যত করিত ব্যয় দেখ্যে দীনহীন।
ততোধিক অর্থ প্রাপ্তি হৈতো প্রতিদিন॥ ১॥

তাহা শুনিয়া না জানি গায়স্ কি কহিব ইহা ভাবিয়া তাহারা সকলে মনোযোগপূর্ব্বক শ্রবণ করিতে লাগিল পরে কিঞ্চিৎকাল তূষ্ণীভূতানন্তর গায়স্ বক্ষ্যমাণ শ্লোকদ্বারা উত্তর করিল।

গায়স্কর্ত্তৃক উক্ত হেয়ালির উত্তর।

আপনার সংস্থান রাখিয়া যেই জন।
দরিদ্র দেখিয়া করে অর্থবিতরণ॥
সে জন পায়েন অর্থ ততোধিক নয়।
কিন্তু দশগুণ সেই অর্থপ্রাপ্ত হয়॥ ১॥